# লেকচার- ০১

**ভাষা ও বাংলা ভাষা, বাংলা লিপি, বাংলা ব্যাকরণ, ধ্বনি ও বর্ণ, সংযুক্ত ব্যঞ্জনবর্ণ (যুক্ত বর্ণ), ধ্বনি পরিবর্তন।**

## ভাষা ও বাংলা ভাষা

মনের ভাব প্রকাশের প্রধান মাধ্যম ভাষা। মানুষের মুখে উচ্চারিত অর্থবোধক ও মনোভাব-প্রকাশক ধ্বনিসমষ্টিকে ভাষা বলে। অঞ্চলবিশেষে ভাষার পার্থক্য দেখা যায়। ভাষার মূল উপাদান ধ্বনি। বর্তমানে পৃথিবীতে সাড়ে তিন হাজারের বেশি ভাষা প্রচলিত আছে। প্রত্যেক ভাষারই চারটি মৌলিক অংশ থাকে। যেমন–

১. ধ্বনি ২. শব্দ ৩. বাক্য ৪. অর্থ

ভাষার বৈশিষ্ট্যগুলো নিম্নরূপ–

১. অর্থদ্যোতকতা
২. মানুষের কণ্ঠনিঃসৃত ধ্বনি
৩. জনসমাজে ব্যবহার-যোগ্যতা

### বাংলা ভাষার উদ্ভব ও বিকাশ

বাংলার আদি অধিবাসীদের ভাষা ছিল অস্ট্রিক। ভারতীয় উপমহাদেশের আঞ্চলিক ভাষাগুলোর আদিম উৎস অনার্য ভাষা। আর্যদের আগমনের পর এ ভাষা ধীরে ধীরে হারিয়ে যায়। আর্যদের ভাষার নাম প্রাচীন 'বৈদিক ভাষা।' পুরোনো গ্রন্থ বেদের ভাষাকেও বৈদিক ভাষা বলে। পরবর্তীকালে পণ্ডিতরা বৈদিক ভাষাকে সংস্কার করে একটি সাহিত্যের ভাষায় রূপ দেন। সংস্কারজাত এ নতুন ভাষাই হলো 'সংস্কৃত ভাষা।' কারো কারো ধারণা– সংস্কৃত ভাষা থেকে বাংলা ভাষার জন্ম। কিন্তু আধুনিক পণ্ডিতদের মতে, সংস্কৃত ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়নি। ভাষার ইতিহাস অনুসন্ধানে জানা যায়, অভিজাত শ্রেণির মুখের ভাষা ছিল 'সংস্কৃত'। আর যারা 'প্রাকৃত জন' অর্থাৎ সাধারণ লোক, তারা সংস্কৃত ভাষায় কথা বলতেন না। তাদের মুখের ভাষা ছিল প্রাকৃত ভাষা। 'প্রাকৃত'-এর শাব্দিক অর্থ হলো 'স্বাভাবিক'। এই প্রাকৃত ভাষা কালক্রমে আরো প্রাকৃত হয়ে 'মাগধী প্রাকৃত' রূপ লাভ করে। এই মাগধী রূপের অপভ্রংশ থেকে বাংলা ভাষার উৎপত্তি। ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে, মাগধী প্রাকৃতের প্রাচ্যরূপ গৌড়ীয় প্রাকৃত। গৌড়ীয় প্রাকৃত থেকে গৌড়ীয় অপভ্রংশ এবং এ গৌড়ীয় অপভ্রংশ থেকে বাংলা ভাষার উৎপত্তি হয়েছে।

বাংলা ভাষার উৎপত্তিকাল, বাংলা ভাষার বয়স এবং বাংলা ভাষার আদিকাল সম্পর্কে বিভিন্ন পণ্ডিত বিভিন্ন মতামত দিয়েছেন।

### বাংলা ভাষার উৎপত্তিকাল

ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে, খ্রিষ্টীয় সপ্তম শতকে (৬৫০ খ্রি.)।

ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়সহ অধিকাংশের মতে, খ্রিষ্টীয় দশম শতকে (৯৫০ খ্রি.)।

**বাংলা ভাষার বয়স–**

- একবিংশ শতাব্দী থেকে সপ্তম শতাব্দী : ১৪০০ বছর
- একবিংশ শতাব্দী থেকে দশম শতাব্দী : ১১০০ বছর

**বাংলা ভাষার আদিস্তরের স্থিতিকাল–**

**ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে,** দশম থেকে দ্বাদশ শতাব্দী (৯৫০ খ্রি.-১২০০খ্রি.)।


**ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে,** খ্রিষ্টীয় সপ্তম শতক থেকে দ্বাদশ শতাব্দী (৬৫০-১২০০)।

**বাংলা ভাষার উৎপত্তি**


- ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে, গৌড়ীয় প্রাকৃত থেকে।
- ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়সহ অধিকাংশের মতে– মাগধী প্রাকৃত হতে।

### ভাষার /বাক্যের/শব্দের উপাদান, উপকরণ ও একক:

ভাষার গঠনচিত্র নিম্নরূপ–




### বাংলা ভাষার মৌলিক অংশ




| | |
|---|---|
| **ধ্বনি (sound)** | মানুষ বাগ্‌যন্ত্রের সাহায্যে যে আওয়াজ উৎপন্ন করে, তাকেই ধ্বনি (phone/sound) বলে। |
| **শব্দ (word)** | শব্দ বস্তু বা ভাবের দ্যোতক, অর্থপূর্ণ ধ্বনি ও ধ্বনিসমষ্টিকে শব্দ বলা হয়। |
| **বাক্য (sentence)** | ভাষাবিজ্ঞানী অ্যাডওয়ার্ড স্যাপি তার Language গ্রন্থে বাক্য সম্পর্কে বলেন, It is the linguistic expression of a proposition, অর্থাৎ বাক্য কোনো একটি বক্তব্যকে ভাষায় প্রকাশ করে। |
| **অর্থ (meaning)** | বক্তা ভাষার ধ্বনি, রূপমূল, শব্দ, পদবন্ধ, বাক্যকল্প, বাক্যস্বর ও শারীরিক ইঙ্গিতে এবং প্রতিটি সংকেতের মধ্য দিয়ে যে বার্তা/ধারণা/তথ্য/সংবাদ শ্রোতার কাছে প্রেরণ করতে চায়, সেই বার্তা/ধারণা/তথ্য সংবাদই বক্তার অভিপ্রেত অর্থ। |

### বাংলা ভাষারীতি

**বাংলা ভাষার প্রধান বা মৌলিক রূপ দুটি, যথা–**

ক. লৈখিক বা লেখ্য রূপ
খ. মৌখিক বা কথ্য রূপ।

**মৌখিক রূপের আবার রয়েছে একাধিক রীতি** : একটি প্রমিত রীতি (Standard Colloquial Language) অপরটি আঞ্চলিক কথ্য রীতি (Regional Colloquial Language)।

**বাংলা ভাষার লৈখিক বা লেখ্য রূপেরও রয়েছে তিনটি রীতি :** একটি চলিত রীতি, সাধুরীতি এবং কাব্যরীতি।

## ❖ সাধু ভাষা:

- ❑ সাধুভাষা পরিভাষাটি প্রথম ব্যবহার করেন– রামমোহন রায়।
- ❑ বাংলা গদ্যের প্রথম যুগে প্রচলন ছিল– সাধুরীতির।
- ❑ বাংলা ভাষার যে রীতি সুনির্ধারিত ব্যাকরণের অনুসারী– সাধুরীতি।
- ❑ যে ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট– সাধুভাষা।
- ❑ সাধু ভাষার বৈশিষ্ট্য– এটি তৎসম শব্দবহুল এবং সর্বনাম ও ক্রিয়াপদ বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে।
- ❑ গুরুগম্ভীর ও আভিজাত্যের পরিচায়ক– সাধু ভাষা।
- ❑ নাটকের সংলাপ, বক্তৃতা ও আলাপ আলোচনায় অনুপযোগী– সাধু ভাষা।
- ❑ সাধু ভাষার প্রচলন স্থিমিত হয়– বিংশ শতাব্দীতে।

## ❖ চলিত ভাষা (বর্তমানে প্রমিত রীতি ও আদর্শ কথ্য রীতি):

- ❑ বাংলা সাহিত্যের চলিত রীতির রূপকার, স্রষ্টা ও প্রথম ব্যবহারকারী– প্রমথ চৌধুরী।
- ❑ বর্তমানে সর্বজনস্বীকৃত ভাষা– চলিত ভাষা।
- ❑ চলিত ভাষার রীতি– পরিবর্তনশীল।
- ❑ চলিত ভাষার বিশেষ বৈশিষ্ট্য– তদ্ভব শব্দবহুলতা।
- ❑ ভাগীরথী নদীর তীরবর্তী মানুষের ভাষা মূলত– চলিত ভাষা।
- ❑ প্রমথ চৌধুরী যে বিষয়ে রবীন্দ্রনাথকে প্রভাবিত করেছিলেন– চলিত ভাষার ব্যবহার।
- ❑ চলিত ভাষাকে জনপ্রিয় করেন– প্রমথ চৌধুরী।

### সাধু ও চলিত রীতির পার্থক্য

| সাধু রীতি | চলিত রীতি |
|---|---|
| সাধুরীতি গুরু গম্ভীর ও আভিজাত্যের অধিকারী। | চলিত রীতি কৃত্রিমতা বর্জিত। এ রীতি মানুষের মনের ভাব প্রকাশে অপেক্ষাকৃত বেশি উপযোগী। |
| সাধুরীতি সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে এবং এর কাঠামো অপরিবর্তনশীল। এর পদবিন্যাস সুনির্দিষ্ট ও সুনিয়ন্ত্রিত। | চলিত রীতি পরিবর্তনশীল। কালের প্রবাহে এ রীতি পরিবর্তিত রূপ লাভ করেছে। |
| সাধুরীতি নাটকের সংলাপ, বক্তৃতা ও কথোপকথনের অনুপযোগী। | চলিত রীতি সংক্ষিপ্ত ও সহজবোধ্য। এ রীতি নাটকের সংলাপ, বক্তৃতা ও কথোপকথনের জন্য বেশি উপযোগী। |
| সাধুরীতিতে তৎসম শব্দের ব্যবহার বেশি। | চলিত রীতিতে তদ্ভব, দেশি, ও বিদেশি শব্দের ব্যবহার বেশি। |
| সাধুরীতিতে ক্রিয়াপদ পূর্ণরূপে ব্যবহৃত হয়। সমাপিকা ও অসমাপিকা উভয় ক্রিয়াপদেই তা লক্ষণীয়। **সমাপিকা** : লিখিয়াছি, লিখিব, পড়িয়াছি। **অসমাপিকা** : পড়িয়া, লিখিয়া, বলিয়া | চলিত ভাষায় ক্রিয়াপদ সংক্ষিপ্ত আকারে ব্যবহৃত হয় এবং সমাপিকা ও অসমাপিকা উভয় ক্রিয়াপদেই তা প্রকাশ পায়। যেমন– **সমাপিকা** : লিখেছি, লিখব, পড়েছি। **অসমাপিকা** : পড়ে, লিখে, বলে। |


**আঞ্চলিক ভাষা:** বিভিন্ন অঞ্চলের সাধারণ মানুষের মুখের ভাষাকে আঞ্চলিক ভাষা বলে। আঞ্চলিক ভাষার অপর নাম উপভাষা। বিভিন্ন অঞ্চলের মানুষের মুখের ভাষা বিভিন্ন রকম হয়ে থাকে।

➤ **সাধু ও চলিত ভাষার শব্দের পার্থক্য:**

| সাধু | চলিত |
|---|---|
| মস্তক | মাথা |
| জুতা | জুতো |
| তুলা | তুলো |
| শুষ্ক/শুকনা | শুকনো |
| বন্য | বুনো |
| গ্রাম্য | গেঁয়ো |
| নাই | নেই |

- ➤ জনসংখ্যা বা কথা বলার দিক দিয়ে বাংলা ভাষার অবস্থান– ৭ম। চৈনিক (ম্যান্ডারিন/মান্দারিন)– ১ম।
- ➤ মাতৃভাষি জনসংখ্যার দিক দিয়ে বাংলা ভাষার স্থান – বিশ্বে ৬ষ্ঠ।
- ➤ Official Language/ দাপ্তরিক ভাষা/Communication বা যোগাযোগের ভাষা/আন্তর্জাতিক ভাষা/জাতিসংঘ কর্তৃক স্বীকৃত ভাষা হিসেবে বাংলার অবস্থান – দশম, ইংরেজি – ১ম।
- ➤ বাংলাদেশের রাষ্ট্রীয় ভাষা বাংলা। বাংলাদেশ ছাড়াও আরেকটি দেশ আছে সিয়েরা লিওন যার দ্বিতীয় রাষ্ট্রীয় ভাষা বাংলা।
- ➤ বাংলা ভাষার একটি বৈশিষ্ট্য হলো – বাংলাতে তিন (শ,স,ষ)এর স্থলে 'শ' উচ্চারণ হয়।
- ➤ **বাংলা ভাষার উৎপত্তি:** গৌড়ী প্রাকৃত থেকে জন্ম হয়েছে গৌড়ী অপভ্রংশ; আবার গৌড়ী অপভ্রংশ থেকে জন্ম হয়েছে বঙ্গকামরূপী আবার বঙ্গকামরূপী থেকে জন্ম হয়েছে ২টি ভাষার ১. বাংলা ২. অসমিয়া।

## বাংলা লিপি




- ☞ যেসব ভাষার লিপিতে বাংলা লিপির স্পষ্ট প্রভাব আছে– মণিপুরি, উড়িয়া, মৈথিলি ও অসমিয়া।
- ☞ বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয় কাকে? –চার্লস উইলকিন্স।

## বাংলা লিপির উদ্ভব

- ☞ বাংলা লিপির উদ্ভব যে লিপি থেকে → ব্রাহ্মী লিপি।
- ☞ যে লিপি ডানদিক থেকে লেখা হয় → খরোষ্ঠী লিপি।
- ☞ প্রাচীন চিত্রলিপির দুটি প্রাচীন রূপ → ব্রাহ্মী ও খরোষ্ঠী।
- ☞ ভারতীয় মৌলিক লিপি → ব্রাহ্মী লিপি।
- ☞ বাংলা লিপির গঠনকাজ শুরু হয় → সেন আমলে।
- ☞ বাংলা লিপি স্থায়ী রূপ লাভ করে → পাঠান আমলে।
- ☞ কাকে বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয় → চার্লস উইলকিন্স।
- ☞ চার্লস উইলকিন্সের নির্দেশনা অনুযায়ী বাংলা অক্ষর খোদাই করেন → পঞ্চানন কর্মকার।
- ☞ ব্রাহ্মী লিপির রূপ কয়টি ও কী কী → ৩টি– সারদা, নাগর ও কুটিল
- ☞ ব্রাহ্মী লিপির কোন রূপ থেকে বাংলা এসেছে → কুটিল রূপ
- ☞ কোন সম্রাট তার অধিকাংশ কর্ম ব্রাহ্মী লিপিতে লেখান→ সম্রাট অশোক

# বাংলা ব্যাকরণ

'ব্যাকরণ' শব্দটিকে বিশ্লেষণ করলে আমরা পাই, বি + আ + √কৃ + অন। শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ বিশেষভাবে বিশ্লেষণ।

**সংজ্ঞা:** ব্যাকরণ হলো এমন একটি শাস্ত্র, যা ভাষার স্বরূপ, প্রয়োগরীতি, গতিপ্রকৃতি বিশ্লেষণ করে সেই ভাষাকে শুদ্ধরূপে লিখতে, পড়তে ও বলতে শেখায়।

ব্যাকরণ পাঠের গুরুত্ব–

- ব্যাকরণ ভাষার যাবতীয় নিয়ম-কানুনের লিখিত দলিল। এজন্য ব্যাকরণকে 'ভাষার সংবিধান' বলা হয়।
- ভাষার উপাদানগুলোর গঠনকৌশল ও প্রয়োগবিধি জানতে ব্যাকরণ পাঠ অত্যাবশ্যক।
- ভাষার শুদ্ধ ও অশুদ্ধ রূপ সম্পর্কে ব্যাকরণ ধারণা দেয়।

### বিখ্যাত বাংলা ব্যাকরণ গ্রন্থ

| রচয়িতা | ব্যাকরণ গ্রন্থ |
|---|---|
| মনোএল দ্যা আসসুম্পসাঁও | Vocabulario EM Idioma Benglalla E Portuguez (১৭৪৩ খ্রিষ্টাব্দ)। প্রাচীনতম বাংলা ব্যাকরণ। পর্তুগিজ ভাষায় রচিত। |
| নাথানিয়েল ব্রাসি হেলহেড | A Grammar of the Bengal Language. বাংলা ভাষার প্রথম আদর্শ ব্যাকরণ। ইংরেজি ভাষায় রচিত। |
| উইলিয়াম কেরি | A Grammar of the Bengali Language (1801) ইংরেজি ভাষায় রচিত |
| রাজা রামমোহন রায় | **গৌড়ীয় ব্যাকরণ:** বাংলা ভাষায় রচিত প্রথম বাংলা ব্যাকরণ। |
| ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর | ব্যাকরণ কৌমুদী |
| ড. মুহম্মদ শহীদুল্লাহ্ | বাঙ্গালা ব্যাকরণ |
| | বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত |
| ড. মুহম্মদ এনামুল হক | ব্যাকরণ মঞ্জরী |
| ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় | The Origin and Development of Bengli Language (ODBL) |
| | ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ |
| ড. সুকুমার সেন | বাংলা ভাষার ইতিবৃত্ত |
| | বাঙলা ভাষার ব্যাকরণ |
| ড. আব্দুল হাই | ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব |

### বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয়

- বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয় চারটি, যথা :
  - ক. ধ্বনিতত্ত্ব (Phonology)
  - খ. শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব (Morphology)
  - গ. বাক্যতত্ত্ব বা পদক্রম (Syntax)
  - ঘ. অর্থতত্ত্ব (Semantics)
- Lexicography অভিধানতত্ত্ব ও ব্যাকরণের আলোচ্য ধ্বনিতত্ত্বগত বিষয়।

## ধ্বনিতত্ত্ব (Phonology)

- বাকপ্রত্যঙ্গজাত ধ্বনির সূক্ষ্মতম মৌলিক অংশ বা একককে (Phoneme) ধ্বনিমূল বলা হয়।
- **ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়–**
  - ধ্বনির উচ্চারণপ্রণালি ও উচ্চারণের স্থান
  - ধ্বনির প্রতীক বা বর্ণের বিন্যাস
  - ধ্বনিসংযোগ বা সন্ধি
  - ধ্বনি পরিবর্তন ও লোপ
  - ণ-ত্ববিধান ও ষ-ত্ববিধান
  - ধ্বনি ও বর্ণ
  - বর্ণমালা ও লিপি
  - বাংলা উচ্চারণের নিয়ম
  - বাংলা বানানের নিয়ম

## শব্দ বা রূপতত্ত্ব (Morphology)

**রূপতত্ত্ব:** এক বা একাধিক ধ্বনির অর্থবোধক সম্মিলনে তৈরি হয় শব্দ। শব্দের ক্ষুদ্রাংশকে বলা হয় রূপ। রূপ গঠন করে শব্দ। এ জন্য শব্দ সম্পর্কিত বিষয়াবলির আলোচনাকে বলা হয় রূপতত্ত্ব।

রূপতত্ত্বের আলোচ্য বিষয়গুলো হলো–

- শব্দ
- উপসর্গ
- শব্দরূপ
- অনুসর্গ
- শব্দদ্বৈত
- সমাস
- প্রকৃতি-প্রত্যয়
- পুরুষ
- বচন
- লিঙ্গ

**পদ:** বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয়, ক্রিয়া (ক্রিয়ামূল, ক্রিয়ারকাল)

- Morpheme বা রূপ : শব্দের অর্থযুক্ত ক্ষুদ্রাংশকে বলা হয় রূপ।

## বাক্যতত্ত্ব বা পদক্রম (Syntax)

মানুষের বাক্ প্রত্যঙ্গজাত ধ্বনি সমন্বয়ে গঠিত শব্দসহযোগে সৃষ্ট অর্থবোধক বাকপ্রবাহের বিশেষ বিশেষ অংশকে বলা হয় বাক্যতত্ত্ব বা পদক্রম।

**বাক্যতত্ত্ব :** বাক্যতত্ত্বের আলোচ্য বিষয়–

- বাক্যের সঠিক গঠনপ্রণালি, বিভিন্ন উপাদানের সংযোজন, বিয়োজন, এদের সার্থক ব্যবহারযোগ্যতা
- পদের রূপ পরিবর্তন
- ছেদচিহ্ন
- এক কথায় প্রকাশ
- প্রবাদ প্রবচন
- বাচ্য
- উক্তি
- কারক বিভক্তি

## অর্থতত্ত্ব (Semantics)

**অর্থতত্ত্ব:** অর্থতত্ত্বের আলোচ্য বিষয়–


- শব্দের অর্থবিচার
- বাক্যের অর্থবিচার
- অর্থের বিভিন্ন প্রকারভেদ; যেমন– মুখ্যার্থ, গৌণার্থ
- বিপরীতার্থ
- বাগ্ধারা
- শব্দ জোড়
- সমার্থক শব্দ

# ধ্বনি ও বর্ণ

কোনো ভাষার ক্ষুদ্রতম একক হলো ধ্বনি। এক বা একাধিক ধ্বনি মিলিত হয়ে একটি অর্থ সৃষ্টি করে। ধ্বনিই ভাষার মূলভিত্তি।

ধ্বনি উচ্চারণে বাগ্যন্ত্রের সাহায্য নিতে হয়। বাগ্যন্ত্রের সাহায্য ছাড়া কোনো ধ্বনি বা বর্ণ উচ্চারণ করা যায় না। বাগ্যন্ত্রগুলো হলো– জিহ্বা, জিহ্বার ডগা, কণ্ঠ, আলজিভ, তালু, দাঁত, উপরের পাটির দাঁতের সঙ্গে লাগানো তালু, দন্তমূল বা মূর্ধা, ওষ্ঠ ও নাক।

**বর্ণ:** বর্ণ হলো ভাষার উচ্চারিত উপাদানের প্রতীক বা চিহ্ন, যা দিয়ে ধ্বনিকে নির্দেশ করা যায়। ধ্বনি মুখে উচ্চরিত হয় আর তার লিখিত রূপই হলো বর্ণ। অর্থাৎ যেসব প্রতীক বা চিহ্ন দিয়ে ধ্বনি নির্দেশ করা হয়, তা-ই বর্ণ।



## বাংলা বর্ণমালা

বর্ণ → স্বরবর্ণ, ব্যঞ্জনবর্ণ

বাংলা বর্ণমালার মোট বর্ণসংখ্যা ৫০। এর মধ্যে ১১টি স্বরবর্ণ ও ৩৯টি ব্যঞ্জনবর্ণ।

| স্বরবর্ণ : ১১টি | ব্যঞ্জনবর্ণ : ৩৯টি |
|---|---|
| অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, এ, ঐ, ও, ঔ। | ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ, ট, ঠ, ড, ঢ, ণ, ত, থ, দ, ধ, ন, প, ফ, ব, ভ, ম, য, র, ল, শ, ষ, স, হ, ড়, ঢ়, য়, ৎ, ং, ঃ, ঁ। |

## মাত্রার ভিত্তিতে বর্ণমালা

**মাত্রা :** স্বরবর্ণ বা ব্যঞ্জনবর্ণের মাথায় যে সোজা দাগ টানা হয়, সেটি মাত্রা।

| মাত্রা | মোট বর্ণ ৫০টি | ব্যঞ্জনবর্ণ ৩৯ টি | স্বরবর্ণ ১১টি |
|---|---|---|---|
| পূর্ণমাত্রা | ৩২ | ২৬ | ৬ |
| অর্ধমাত্রা | ৮ | ৭ | ১ |
| মাত্রাহীন | ১০ | ৬ | ৪ |

## কার ও ফলা

স্বর ও ব্যঞ্জনধ্বনির লিখিত প্রতীক বা চিহ্নকে স্বর ও ব্যঞ্জনবর্ণ বলা হয়। আর প্রত্যেক ধ্বনি বা বর্ণের লিখিত রূপ দুটি– ক. পূর্ণরূপ, খ. সংক্ষিপ্ত রূপ।

**কার :** স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কার বলে।

**ফলা :** ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে ফলা বলে।

**নিলীন বর্ণ :** 'অ' এর কোনো সংক্ষিপ্ত রূপ নেই।

## স্বরধ্বনি ও স্বরবর্ণ



**স্বরধ্বনি :** যেসব ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস-তাড়িত বাতাস বেরিয়ে যেতে মুখবিবরের কোথাও কোনো প্রকার বাধা পায় না, তাদেরকে স্বরধ্বনি বলে। যেমন– অ, আ, ই, উ ইত্যাদি।

## মৌলিকতা অনুযায়ী স্বরবর্ণ

**মৌলিকতা অনুযায়ী স্বরধ্বনিকে দুই ভাগে ভাগ করা হয়। যথা–**

**ক. মৌলিক স্বর :** বাংলা ভাষার মৌলিক স্বরধ্বনি ৭টি। যথা : অ, আ, ই, উ, অ্যা, এ, ও। ধ্বনিতত্ত্ববিদ মুহম্মদ আব্দুল হাই বাংলা মূল স্বরধ্বনির তালিকায় নতুন 'অ্যা' ধ্বনি প্রতিষ্ঠা করেন।

- **মৌলিক স্বরধ্বনির উচ্চারণ**

| সম্মুখ ওষ্ঠাধর প্রসৃত | কেন্দ্রীয় ওষ্ঠাধর বিবৃত | পশ্চাৎ ওষ্ঠাধর গোলাকৃতি |
|---|---|---|
|  ঠোঁটের অবস্থান দু-দিকে প্রসারিত/স্ফীত হবে |  |  ঠোঁট উচ্চারণের সময় গোলাকৃতি হয়ে যাবে |
| ই/ঈ | আ | উ/ঊ |
| এ | উচ্চারণের সময় ঠোঁট ওপর এবং নিচের দিকে হাঁ করে থাকবে | ও |
| অ্যা * | | অ |

## যৌগিক স্বর/দ্বিস্বর/সন্ধিস্বর

পাশাপাশি দুইটি স্বরধ্বনি একাক্ষর হিসেবে উচ্চারিত হলে তাকে যৌগিক স্বরধ্বনি বলে। বাংলা যৌগিক স্বরধ্বনি মোট ২৫টি। বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক দুইটি বর্ণ রয়েছে। এ দুটি স্বরধ্বনি মিলে একটি স্বরধ্বনিতে রূপান্তরিত হয়েছে। ঐ এবং ঔ-র গঠনপ্রক্রিয়া নিম্নরূপ–

| | |
|---|---|
| ঐ | ও + ই |
| ঔ | ও + উ |

## উচ্চারণকাল বা সময় অনুসারে স্বরবর্ণ

যেসব প্রতীক বা চিহ্ন দিয়ে স্বরধ্বনি নির্দেশ করা হয় সেগুলোকে স্বরবর্ণ বলে। স্বরবর্ণগুলো অন্য বর্ণের সাহায্য ছাড়াই উচ্চারিত হতে পারে। **যেমন–** অ, আ, ই, ঈ ইত্যাদি।

উচ্চারণকাল বা সময় অনুসারে স্বরবর্ণগুলোকে দুই ভাগে বিভক্ত করা যায়। যেমন–

১. হ্রস্ব স্বর ও
২. দীর্ঘ স্বর।

১. **হ্রস্ব স্বর :** অল্প সময়ে যেসব স্বরবর্ণ উচ্চারণ করা যায়, তাকে হ্রস্ব স্বর বলে। হ্রস্ব স্বর চারটি– অ, ই, উ, ঋ।

২. **দীর্ঘ স্বর :** যেসব স্বরবর্ণ উচ্চারণে অধিক সময় লাগে, তাকে দীর্ঘ স্বর বলে। দীর্ঘস্বর ৭টি– আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ।

**গঠনগতভাবে স্বরধ্বনি ২ প্রকার**

- মৌলিক স্বরধ্বনি ৭টি অ, আ, ই, উ, এ, ও, অ্যা
- মৌলিক স্বরবর্ণ ৬টি
- যৌগিক স্বরধ্বনি ২৫টি
- যৌগিক স্বরবর্ণ/দ্বিস্বরজ্ঞাপক বর্ণ/ সন্ধ্যাক্ষর বর্ণ ২টি ঐ, ঔ
- **দ্রষ্টব্য :** খণ্ড-ত (ৎ)– কে স্বতন্ত্রবর্ণ হিসেবে ধরা হয় না। এটি 'ত' বর্ণের হস-চিহ্ন যুক্ত (ত্)-এর রূপভেদমাত্র।
- **পরাশ্রয়ী বর্ণ :** ং ঃ ঁ– এই তিনটি বর্ণ স্বাধীনভাবে স্বতন্ত্র বর্ণ হিসেবে ভাষা ব্যবহৃত হয় না। এ বর্ণে দ্যোতিত ধ্বনি অন্য ধ্বনির সঙ্গে মিলিত হয়ে একত্রে উচ্চারিত হয়। তাই এ বর্ণগুলোকে পরাশ্রয়ী বর্ণ বলে।
- **অনুনাসিক বা নাসিক্য ধ্বনি :** ঙ ঞ ণ ন ম– এ পাঁচটি বর্ণ এবং ং ঁ যে বর্ণের সঙ্গে লিখিত হয়, সে বর্ণে দ্যোতিত ধ্বনি উচ্চারণের সময় ফুসফুসনিঃসৃত বায়ু মুখবিবর ছাড়াও নাসারন্ধ্র দিয়ে বের হয়। অর্থাৎ এগুলোর উচ্চারণে নাসিকার সাহায্য প্রয়োজন হয়। তাই এগুলোকে অনুনাসিক বা নাসিক্য ধ্বনি বলে। আর এগুলোর প্রতীক বা বর্ণকে বলা হয় অনুনাসিক বা নাসিক্য বর্ণ।
- **উষ্মধ্বনি :** শ, ষ, স, হ– এই চারটি বর্ণে দ্যোতিত ধ্বনি উচ্চারণের সময় আমরা শ্বাস যতক্ষণ খুশি রাখতে পারি। এগুলোকে বলা হয় উষ্মধ্বনি। এ বর্ণগুলোকে বলা হয় উষ্মবর্ণ।
- **শ ষ স–** এই তিনটি বর্ণে দ্যোতিত ধ্বনি অঘোষ অল্পপ্রাণ, আর 'হ' ঘোষ মহাপ্রাণ ধ্বনি।
- **অন্তঃস্থ ধ্বনি :** স্পর্শ বা উষ্মধ্বনির মাঝে আছে বলে য র ল ব– এই ধ্বনিগুলোকে অন্তঃস্থ ধ্বনি বলা হয়। আর বর্ণগুলোকে বলা হয় অন্তঃস্থ বর্ণ।

- **শিসবর্ণ :** তিনটি- শ, ষ, স
- **তালব্য ধ্বনি :** য
- **কম্পনজাত ধ্বনি :** র
- **পার্শ্বিক ধ্বনি :** ল
- **তাড়নজাত ধ্বনি :** ড়, ঢ়
- **ব্যঞ্জনবর্ণ :** যেসব প্রতীক বা চিহ্ন দ্বারা ব্যঞ্জনধ্বনি নির্দেশ করা হয় সেগুলোকে ব্যঞ্জনবর্ণ বলে। ব্যঞ্জনবর্ণগুলো স্বরবর্ণের সাহায্য ছাড়া উচ্চারিত হতে পারে না। যেমন- ক, খ, গ, ঘ ইত্যাদি।

### মনে রাখুন

- বর্ণমালা- ১টি
- পার্শ্বিক ধ্বনি- ১টি
- যৌগিক স্বরজ্ঞাপক বর্ণ- ২টি
- পরাশ্রয়ী বর্ণ- ৩টি
- নাসিক্য ধ্বনি- ৩টি
- মৌলিক স্বরধ্বনি- ৭টি
- স্বরধ্বনি- ১১টি
- যৌগিক স্বরধ্বনি- ২৫টি
- বর্গীয় বর্ণ- ২৫টি
- বিলীন বর্ণ/নিলীন বর্ণ- ১টি (অ)
- কম্পনজাত ধ্বনি- ১টি
- তাড়নজাত ধ্বনি- ২টি
- উষ্মবর্ণ- ৪টি
- ফলা- ৬টি
- কার- ১০টি
- Plosive(স্পর্শধ্বনি)- ১৬টি
- ব্যঞ্জনধ্বনি- ৩০টি
- শিসবর্ণ- ৩টি

## সংযুক্ত ব্যঞ্জনবর্ণ (যুক্তবর্ণ)

দুই বা ততোধিক ব্যঞ্জনধ্বনির মধ্যে স্বরধ্বনি না থাকলে বাংলায় ঐ ব্যঞ্জধ্বনির দ্যোতক বর্ণ দুটিকে জুড়ে একত্রে লেখা হয় এগুলোকে সংযুক্ত ব্যঞ্জনবর্ণ বলে।

ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, সুপ্রাচীনকাল থেকে উত্তরাধিকার সূত্রে এই সংযুক্ত ব্যঞ্জনবর্ণ বাংলা বর্ণমালায় এসেছে। অধুনা প্রচলিত কতকগুলো বাংলা সংযুক্ত বর্ণের সঙ্গে মূল বর্ণের সাদৃশ্য না থাকলেও শতবর্ষ ধরে এগুলো শুদ্ধ হিসেবে পরিচিত।

### কতিপয় সংযুক্ত ব্যঞ্জন বর্ণ

- ক্ষ = ক্ + ষ
- ট্ট = ট্ + ট
- হ্ম = হ্ + ম
- হ্ণ = হ্ + ণ
- ক্ষ্ম = ক্ষ + ম / ক্ + ষ্ + ম
- জ্ঞ = জ্ + ঞ
- ষ্ণ = ষ্ + ণ
- হ্ন = হ্ + ন
- হ্ব = হ্ + ঋ

### ব্যঞ্জনধ্বনি ও ব্যঞ্জনবর্ণ

**ব্যঞ্জনধ্বনি:** যে ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস-তাড়িত বাতাস বেরিয়ে যেতে মুখবিবরের কোথাও না কোথাও কোনো প্রকার বাধা পায় কিংবা ঘর্ষণ লাগে, তাদের বলা হয় ব্যঞ্জনধ্বনি। যেমন- ক, চ, ট, ত, প ইত্যাদি।

**ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ**

**স্পর্শধ্বনি বা বর্গীয় ধ্বনি:** ক থেকে ম পর্যন্ত নাসিক্যধ্বনি ২০টি স্পর্শধ্বনি। উচ্চারণ স্থানের দিক থেকে ৫টি গুচ্ছে বা বর্গে ভাগ করা হয়েছে। প্রতি গুচ্ছের প্রথম ধ্বনিটির নামানুসারে সে গুচ্ছের সবগুলো ধ্বনিকে বর্গীয় ধ্বনি বলে।

| বর্গ | ব্যঞ্জনধ্বনির বর্ণ | উচ্চারণস্থান অনুযায়ী |
|---|---|---|
| ক-বর্গীয় | ক, খ, গ, ঘ, ঙ | কণ্ঠ বা জিহ্বামূলীয় বর্ণ |
| চ-বর্গীয় | চ, ছ, জ, ঝ, ঞ | তালব্য বর্ণ |
| ট-বর্গীয় | ট, ঠ, ড, ঢ, ণ | মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ |
| ত-বর্গীয় | ত, থ, দ, ধ, ন | দন্তবর্ণ |
| প-বর্গীয় | প, ফ, ব, ভ, ম | ওষ্ঠ বর্ণ |

## ঘোষ, অঘোষ, অল্পপ্রাণ, মহাপ্রাণ বর্ণ

**ঘোষবর্ণ:** যে বর্ণ উচ্চারণের সময় স্বরতন্ত্রী কাঁপে, তাকে ঘোষবর্ণ বা নাদ বর্ণ বলে। যেমন- গ, জ, ড, দ, ব ইত্যাদি।

**নোট:** প্রত্যেক বর্গের তৃতীয় ও চতুর্থ ধ্বনি ঘোষবর্ণ।

**অঘোষবর্ণ:** যে বর্ণ উচ্চারণের সময় স্বরতন্ত্রী কাঁপে না, তাকে অঘোষবর্ণ বলে। যেমন- ক, চ, ট, ত, প ইত্যাদি।

**নোট:** প্রত্যেক বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ হলো অঘোষবর্ণ।

**অল্পপ্রাণ বর্ণ:** যে বর্ণ উচ্চারণের সময় বাতাস কম বের হয়, তাকে অল্পপ্রাণ বর্ণ বলে। যেমন- ক, গ, চ, জ, ট, ড, ত, দ, প ও ব।

**নোট:** প্রত্যেক বর্গের প্রথম, তৃতীয়, বর্ণই হচ্ছে অল্পপ্রাণ বর্ণ।

**মহাপ্রাণ বর্ণ:** যে বর্ণ উচ্চারণের সময় বাতাস বেশি বের হয় তাকে মহাপ্রাণ বর্ণ বলে। যেমন- খ, ঘ, ছ, ঝ, ঠ, ঢ, থ, ধ, ফ ও ভ।

**নোট:** প্রত্যেক বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ হচ্ছে মহাপ্রাণ বর্ণ।

**অল্পপ্রাণ, মহাপ্রাণ এবং ঘোষ ও অঘোষধ্বনির বিচারে ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ নিচে দেখানো হলো-**

| উচ্চারণের স্থান | অঘোষবর্ণ | | ঘোষবর্ণ | | |
|---|---|---|---|---|---|
| | অল্পপ্রাণ | মহাপ্রাণ | অল্পপ্রাণ | মহাপ্রাণ | নাসিক্য |
| কণ্ঠ | ক | খ | গ | ঘ | ঙ |
| তালু | চ | ছ | জ | ঝ | ঞ |
| মূর্ধণ্য | ট | ঠ | ড | ঢ | ণ |
| দন্ত | ত | থ | দ | ধ | ন |
| ওষ্ঠ | প | ফ | ব | ভ | ম |

### বিগত সালের ব্যাংক প্রশ্ন (অংশ- ১)

০১. **বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনির সংখ্যা কত?** [Bangladesh Bank Officer (General), Pelimenary Test-2022]
ক) ৬টি খ) ৭টি
গ) ৮টি ঘ) কোনোটিই নয়

০২. **ভাষার ক্ষুদ্রতম একক কোনটি?** [Bangladesh Bank Officer (General), Pelimenary Test-2022]
ক) বর্ণ খ) শব্দ গ) অক্ষর ঘ) ধ্বনি

০৩. **কোন বর্ণে (মাত্রার উপর ভিত্তি করে) ৬টি মাত্রাহীন বর্ণ রয়েছে?** [Bangladesh Bank Officer (General), Pelimenary Test-2022]
ক) স্বরবর্ণ খ) ব্যঞ্জনবর্ণ
গ) অর্ধমাত্রার বর্ণ ঘ) কোনোটিই নয়

০৪. **নিচের কোনটি মহাপ্রাণ ধ্বনি?** [Bangladesh Bank Officer (General), Pelimenary Test-2022]
ক) ত b) ড গ) ঢ ঘ) দ

০৫. **কোন বর্ণে ( মাত্রার উপর ভিত্তি করে) ৬ টি মাত্রাহীন বর্ণ রয়েছে?** [Bangladesh Bank, Officer general, তারিখ: ০২ ডিসেম্বর, ২০২২]
ক) স্বরবর্ণ খ) ব্যঞ্জনবর্ণ
গ) অর্ধমাত্রার বর্ণ ঘ) কোনটিই নয়

০৬. **নিচের কোনটি মহাপ্রাণ ধ্বনি?** [Bangladesh Bank, Officer general তারিখ: ০২ ডিসেম্বর, ২০২২]
ক) ত খ) ভ গ) ঢ ঘ) দ

**নোট:** খ ও গ দুটিই সঠিক

০৭. **বাংলা বর্ণমালায় স্বরবর্ণ কতটি?** [কর্মসংস্থান ব্যাংক, পদ: ডাটা এন্ট্রি অপারেটর পদে নিয়োগ পরীক্ষা ২০২২, তারিখ: ০১ এপ্রিল, ২০২২; প্রবাসী কল্যাণ ব্যাংক, পদের নাম: সিনি অফিসার, তারিখ: ০৯. ১০. ২০২১]
ক) ১৩ খ) ১০ গ) ১২ ঘ) ১১

০৮. **'যুগ্ম' শব্দের উচ্চারণ কোনটি?** [উত্তরা ব্যাংক লিমিটেড ২০২২, পদ : অ্যাসিস্ট অফিসার ও ক্যাশ, তারিখ: ২৩ জুলাই, ২০২২]
ক) জুগ্‌নো খ) জুগ্‌মো গ) জুগ্‌মোঁ ঘ) যুগ্‌নো

০৯. 'সাহচর্য' শব্দের শুদ্ধ গঠন কোনটি? [প্রবাসী কল্যাণ ব্যাংক, পদের নাম: সিনিয়র অফিসার সেট: ই, তারিখ: ০৯.১০.২০২১]
ক) সহ + চর + র্য
খ) সহচর + য ফলা
গ) সহচর + য
ঘ) কোনোটিই নয়

১০. "বন্ধন" শব্দের সঠিক অক্ষর বিন্যাস কোনটি? [প্রবাসী কল্যাণ ব্যাংক, পদের নাম: সিনিয়র অফিসার সেট: ই, তারিখ: ০৯.১০.২০২১]
ক) ব + ন্ + ধ + ন্
খ) বন্ + ধন্
গ) ব + ন্ধ + ন
ঘ) বান্ + ধান্

১১. নিচের কোনগুলো পরাশ্রয়ী বর্ণ? [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক, (AD) পদের MCQ পরীক্ষার প্রশ্ন পত্র- ২০২১, পরীক্ষার তারিখ: ১২ নভেম্বর ২০২১]
ক) ঙ, এঃ খ) ং, ঃ গ) শ, ষ ঘ) র, ঢ়

১২. ব্রহ্মপুত্র শব্দে 'হ্ম' যুক্তবর্ণের কোন কোন বর্ণ রয়েছে? [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক, (AD) পদের MCQ পরীক্ষার প্রশ্ন পত্র- ২০২১, পরীক্ষার তারিখ: ১২ নভেম্বর ২০২১]
ক) ক, ষ খ) ম, হ গ) হ, ম ঘ) ম, ম

১৩. 'ক' বর্গীয় ধ্বনিসমূহের উচ্চারণ স্থান কোনটি? [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক, (AD) পদের MCQ পরীক্ষার প্রশ্ন পত্র- ২০২১, পরীক্ষার তারিখ: ১২ নভেম্বর ২০২১]
ক) জিহবামূল
খ) অগ্রতালু
গ) পশ্চাৎ দন্তমূল
ঘ) অগ্রদন্তমূল

| উত্তরপত্র | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১.খ | ২.ঘ | ৩.খ | ৪.গ | ৫.খ | ৬.খ, গ | ৭.ঘ | ৮.খ |
| ৯.গ | ১০.খ | ১১.খ | ১২.গ | ১৩.ক | | | |

## বিগত সালের ব্যাংক প্রশ্ন (অংশ- ২)

১. বাংলা ভাষার সাধু ও চলিত রূপের মধ্যে তুলনামূলক গবেষণা করেন কে? *[Combined 5 Bank (Officer Cash-2022); NRB Commercial Bank Ltd. (Trainee Assistant Officer-2021)]*
ক) উইলিয়াম কেরি
খ) অ্যাডওয়ার্ড ডিমোক
গ) শ্যামাচরণ গঙ্গোপাধ্যায়
ঘ) প্রমথ চৌধুরী

২. বাংলা ভাষা নিচের কোন ভাষাগোষ্ঠীর অন্তর্ভুক্ত? *[Probashi Kallyan Bank Ltd. (Officer [Cash]-2021)]*
ক) ইন্দো-ইরানীয়
খ) ইন্দো-ইউরোপীয়
গ) বালতো-শ্লাভীয়
ঘ) আফ্রো-এশীয়

৩. সাধু ও চলিত ভাষার মূল পার্থক্য কোন পদে বেশি বেশি দেখা যায়? *[Combined 5 Banks Ltd.(Officer [cash]-2021)]*
ক) বিশেষ্য ও ক্রিয়া
খ) বিশেষণ ও ক্রিয়া
গ) বিশেষ্য ও বিশেষণ পদে
ঘ) ক্রিয়া ও সর্বনাম

৪. বাংলা লিপির উদ্ভব হয়েছে কোন প্রাচীন লিপি থেকে? *[NRB Commercial Bank Ltd. (Trainee Assistant Officer-2021)]*
ক) সংস্কৃত লিপি
খ) চীনা লিপি
গ) আরবি লিপি
ঘ) ব্রাহ্মী লিপি

৫. চলিত রীতি প্রতিষ্ঠায় কোন পত্রিকার নাম স্মরণীয়? *[NRB Commercial Bank Ltd. (Trainee Assistant Officer-2021)]*
ক) সমকাল
খ) দিগদর্শন
গ) সন্দেশ
ঘ) সবুজপত্র

৬. বাংলা লিপি সংস্কারে বিশেষ ভূমিকা রেখেছেন– *[Probashi Kallyan Bank Ltd.(Officer [General]-2021)]*
ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
খ) রবীন্দ্রনাথ ঠাকুর
গ) রামমোহন রায়
ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

৭. 'বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত' গ্রন্থের রচয়িতা– *[Uttara Bank Ltd. (Probationary Officer-2021)]*
ক) মুহাম্মদ শহীদুল্লাহ
খ) মুহাম্মদ আব্দুল হাই
গ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ঘ) সুকুমার সেন

৮. বাংলা লিপির উদ্ভব হয়েছে কোন লিপি থেকে– *[NRBC Bank (Probetionary Officer-2021)]*
ক) সংস্কৃত লিপি
খ) চীনা লিপি
গ) আরবি লিপি
ঘ) ব্রাহ্মী লিপি

৯. কোনটি লিপির বিবর্তন ধাপ নয়? *[Joint 4 Banks Officer (General) 2019]*
ক) চৈনিক লিপি
খ) জাপানি লিপি
গ) দেব লিপি
ঘ) ব্রাহ্মী লিপি

১০. 'বাংলা ভাষার উৎপত্তি মাগধি প্রাকৃত থেকে।' এই উক্তিটি করেছেন- *[Janata Bank Ltd. (Executive Officer) 2017]*
ক) মুহম্মদ শহীদুল্লাহ
খ) সুকুমার সেন
গ) জর্জ গ্রিয়ারসন
ঘ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়

১১. ভাষার প্রাণ কোনটি? *[Rajshahi Krishi Unnayan Bank Cashier-2017]*
ক) অর্থপূর্ণ বর্ণ সমষ্টি
খ) অর্থপূর্ণ বাক্য
গ) অর্থপূর্ণ ধ্বনি
ঘ) অর্থপূর্ণ শব্দ

১২. বাংলা লিপির সাথে সবচেয়ে ঘনিষ্ঠতা রয়েছে? *[Exim Bank Limited Officer (Cash)-2011]*
ক) আসামী ভাষার লিপির
খ) বর্মি ভাষার লিপির
গ) সিংহলি ভাষার লিপির
ঘ) নেপালি ভাষার লিপির

১৩. ভাষার কোন রীতি কৃত্রিমতাবর্জিত? *[Exim Bank Limited Officer (Cash)-2011]*
ক) কথ্য রীতি
খ) আঞ্চলিক রীতি
গ) সাধু রীতি
ঘ) চলিত রীতি

১৪. মনের ভাব প্রকাশ করার মাধ্যম কোনটি? *[Karmasangsthan Bank Data Entry Operator-2011]*
ক) ভাষা খ) চিত্র গ) ইঙ্গিত ঘ) আচরণ

১৫. ভাষার মূল উপাদান কী? *[Investment Corporation of Bangladesh (ICB) Officer 2011]*
ক) ধ্বনি খ) বাক্য গ) আচরণ ঘ) শব্দ

## বিগত সালের ব্যাংক প্রশ্নের উত্তর

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ঘ | ০২ | খ | ০৩ | ঘ | ০৪ | ঘ | ০৫ | ঘ |
| ০৬ | ক | ০৭ | ক | ০৮ | ঘ | ০৯ | গ | ১০ | ঘ |
| ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | ক |

## বিগত সালের ব্যাংক প্রশ্ন (অংশ- ৩)

১. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? *[Combined 9 Bank (Officer- General)-2022]*
ক) ধ্বনিতত্ত্বে
খ) অর্থতত্ত্বে
গ) বাক্যতত্ত্বে
ঘ) রূপতত্ত্বে

২. বাংলা ভাষায় প্রথম ব্যাকরণ রচনা করেন কে? *[Combined 5 Banks Ltd. (Officer [cash]-2021)]*
ক) অক্ষয় দত্ত
খ) মার্শম্যান
গ) ব্রাসি হেলহেড
ঘ) রাজা রামমোহন

৩. বাংলা ভাষার ব্যাকরণ রচনা করেন– *[Combined 7 Banks & 1 Financial Institutions. (Senior Officer-2021)]*
ক) জন বিমস
খ) ডানকান ফোর্বস
গ) জর্জ গ্রিয়ারসন
ঘ) জেমস কিথ

৪. ব্যাকরণের প্রধান কাজ হচ্ছে– *[Rupali Bank Ltd. (Senior Officer-2019)]*
ক) ভাষার নিয়ম প্রতিষ্ঠা
খ) ভাষার উন্নতি
গ) ভাষার শৃঙ্খলা
ঘ) ভাষার বিশ্লেষণ

৫. শব্দের রূপ পরিবর্তন-আলোচ্য বিষয় *[Bangladesh Krishi Bank (Officer 2017)]*
ক) বাক্যতত্ত্বের
খ) রূপতত্ত্বের
গ) অর্থতত্ত্বের
ঘ) অভিধানতত্ত্বের

৬. পাণিনি কে ছিলেন? *[Bangladesh Krishi Bank (Senior Officer 2012)]*
ক) ভাষাবিদ
খ) ঋগ্বেদবিদ
গ) বৈয়াকরণিক
ঘ) ঔপন্যাসিক

৭. ব্যাকরণ ভাষাকে কি করে? [Bangladesh Oil, Gas and Mineral Corp. 2011]
ক) ব্যাকরণ ভাষাকে চলিতে খ) ব্যাকরণ ভাষাকে বলিতে
গ) ব্যাকরণ ভাষাকে শাসন করিতে
ঘ) ব্যাকরণ ভাষাকে বর্ণনা করে

৮. ভাষার অভ্যন্তরীণ নিয়ম-শৃঙ্খলার আবিষ্কারের নামই–
[Janata Bank Ltd. (Senior Oficer-2011)]
ক) সন্ধি খ) সমাস
গ) উক্তি ঘ) ব্যাকরণ

৯. ব্যাকরণ শব্দের ব্যুৎপত্তি কোনটি? [Janata Bank Ltd. (Senior Oficer-2011)]
ক) বি + আ + √কৃ + অন খ) ব্যা + ক + রন
গ) বৃ + কৃ + অন ঘ) ব্য + আ + কৃ + অন

১০. বাংলা ভাষার প্রথম ব্যাকরণবিদ কে ছিলেন?
[Rupali Bank Ltd. (Senior Oficer-2010)]
ক) ম্যানোয়েল ডি আস্সুম্পসাঁও খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ) ড. মুহাম্মদ শহীদুল্লাহ ঘ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়

১১. 'ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ' কে রচনা করেন?
[Rajshahi Krishi Unnayan Bank (Senior Oficer-2011)]
ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ) ড. মুহাম্মদ শহীদুল্লাহ ঘ) উইলিয়াম কেরি

## বিগত সালের ব্যাংক প্রশ্নের উত্তর

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ক | ০২ | ঘ | ০৩ | গ | ০৪ | ঘ | ০৫ | খ | ০৬ | গ |
| ০৭ | ঘ | ০৮ | ঘ | ০৯ | ক | ১০ | ক | ১১ | খ | | |

## ব্যাংকের বিগত বছরের প্রশ্নসমূহ (অংশ- ৪)

১. মানবদেহের যে প্রত্যঙ্গ ঘোষ তা নির্ধারণে মুখ্য ভূমিকা পালন করে–
[Combined 7 Banks & Financial Institutions. (Senior Officer-2021)]
ক) জিব খ) স্বরতন্ত্রী
গ) কণ্ঠনালি ঘ) মুখবিবর

২. কোনটি ঘোষ মহাপ্রাণ ধ্বনি?
[Combined 6 Bank (Assistant Programmer-2021)]
ক) চ খ) ঝ গ) ড ঘ) থ

৩. 'বন্ধন' শব্দের সঠিক অক্ষর বিন্যাস কোনটি?
[Probashi Kallyan Bank Ltd. (Senior Officer-2021)]
ক) ব + ন্ + ধ + ন্ খ) বন্ + ধন্
গ) ন + ন্ধ + ন ঘ) বান্ + ধন্

৪. বাংলা কথ্য ভাষার আদি গ্রন্থ কোনটি?
[Probashi Kallyan Bank Ltd. (Senior Officer-2021)]
ক) যিশুর বাণী খ) কৃপার শাস্ত্রের অর্থভেদ
গ) ফ্লমণি ও করুণার বিবরণ ঘ) মিশনারি জীবন

৫. বর্গের কোন বর্গসমূহের ধ্বনি মহাপ্রাণ ধ্বনি?
[Combined 5 Banks Ltd. (Officer [cash]-2021)]
ক) তৃতীয় বর্ণ খ) দ্বিতীয় ও চতুর্থ বর্ণ
গ) প্রথম ও দ্বিতীয় বর্ণ ঘ) দ্বিতীয় ও তৃতীয় বর্ণ

৬. 'ঔ' কোন ধরনের স্বরধ্বনি?
[Combined 5 Banks Ltd.(Officer [cash]-2021)]
ক) যৌগিক স্বরধ্বনি খ) তালব্য স্বরধ্বনি
গ) মিলিত স্বরধ্বনি ঘ) কোনোটিই নয়

৭. নিচের কোনগুলো পরাশ্রয়ী বর্ণ?
[Bangladesh Bank.(Assistant Director-2021)]
ক) ঙ, ঞ খ) ং, ঃ গ) শ, ষ ঘ) র, ঢ়

৮. ব্রহ্মপুত্র শব্দে 'হ্ম' যুক্তবর্ণে কোন কোন বর্ণ রয়েছে?
[Bangladesh Bank .(Assistant Director-2021)]
ক) ক, ষ খ) ম, হ গ) হ, ম ঘ) ম, ম

৯. 'ক' বর্গের ধ্বনিসমূহের উচ্চারণ স্থান কোনটি?
[Bangladesh Bank. (Assistant Director-2021)]
ক) জিহ্বামূল খ) অগ্রতালু
গ) পশ্চাৎ দন্তমূল ঘ) অগ্রদন্তমূল

১০. 'নাতিশীতোষ্ণমণ্ডল' শব্দে মোট অক্ষরের সংখ্যা–
[Combined 7 Banks & Financial Institutions. (Senior Officer-2021)]
ক) ৬টি খ) ৭টি গ) ৮টি ঘ) ৯টি

১১. 'ব্যঞ্জনা' শব্দের 'ন' ধ্বনির স্বাভাবিক উচ্চারণস্থান পাল্টে হয়–
[Probashi Kallyan Bank Ltd. (Officer [General]-2021)]
ক) দন্তমূলীয় খ) প্রতিবেষ্টিত
গ) তালব্য ঘ) জিহ্বামূলীয়

১২. বাংলা বর্ণমালায় স্বরবর্ণ কয়টি?
[Probashi Kallyan Bank Ltd. (Senior Officer-2021)]
ক) ১৩টি খ) ১০টি গ) ১২টি ঘ) ১১টি

১৩. 'হ'-এর সঙ্গে 'ঋ-কার' যুক্ত হলে যে ধ্বনিটি মহাপ্রাণ হয়–
[Bangladesh Development Bank LTD.( Senior Officer)-2017]
ক) ঘ খ) এ গ) ণ ঘ) র

১৪. বাংলা মৌলিক স্বরধ্বনি সংখ্যা– [Bangladesh House Building Finance Corporation (BHBFC) (Senior Officer)-2017]
ক) ১০টি খ) ১১টি গ) ৭টি ঘ) ৯টি

১৫. 'সমাবর্তন' শব্দে কয়টি অক্ষর?
[Janata Bank Ltd. (Executive Officer)-2017]
ক) সাত খ) ছয় গ) পাঁচ ঘ) চার

১৬. কোন দুটি স্বরের মিলিত ধ্বনিতে 'এ' সৃষ্টি হয়?
[Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla) Upper Division Assistant-2017]
ক) ও + ই খ) অ + উ
গ) এ + ই ঘ) কোনোটি নয়

১৭. নিচের কোনটি যৌগিক স্বরধ্বনি?
[Pubali Bank Limited (Junior Office)-2012]
ক) অ খ) আ গ) ঐ ঘ) ঈ

১৮. কোন দুটি অঘোষ ধ্বনি? [Pubali Bank Limited (Junior Office)-2012]
ক) গ ঘ খ) দ ধ গ) প ফ ঘ) জ ঝ

১৯. 'ক্ষ' এই যুক্ত বর্ণটি কোন কোন বর্ণযোগে গঠিত?
[Bangladesh Rural Development (BRDB), Asst. Officer-2012]
ক) ক্ + ষ খ) হ্ + ম গ) খ্ + ম ঘ) ম্ + হ

২০. বাংলা ব্যঞ্জনবর্ণে মাত্রাহীন বর্ণ কয়টি?
[Pubali Bank Limited. Senior Officer 2011]
ক) ৪টি খ) ৫টি গ) ৬টি ঘ) ৭টি

২১. 'হ্ম' শব্দটির বিশ্লেষণ–
[Directorate of National Savings (DNS) Accountant-2010]
ক) ক + হ + ম খ) ক + হ + ম
গ) ক + খ + ম ঘ) কোনোটিই নয়

২২. বাংলা বর্ণমালায় অর্ধমাত্রা বিশিষ্ট বর্ণের সংখ্যা কত?
[Exim Bank Limited, Asst. Officer 2010]
ক) ৮টি খ) ১০টি
গ) ৬টি ঘ) কোনোটিই নয়

২৩. বাংলা বর্ণমালায় মাত্রাবিহীন বর্ণের সংখ্যা কয়টি?
[Sonali Bank Ltd. Officer 2010]
ক) নয়টি খ) এগারটি গ) দশটি ঘ) আটটি

২৪. বাংলা বর্ণমালায় স্বরবর্ণ কয়টি?
[Sonali Bank Ltd. Officer 2010]
ক) ১০টি খ) ১৩টি গ) ১২টি ঘ) ১১টি

২৫. 'অনুশাসন' শব্দের শুদ্ধ উচ্চারণ–
[Pubali Bank Ltd. (Senior Officer)-2017]
ক) ওনুশাশোন্ খ) অনুশাশন
গ) ওনুশাশন ঘ) অনুশাশোন

২৬. 'স্বজন' শব্দের শুদ্ধ উচ্চারণ–
[Pubali Bank Ltd.( Senior Officer)-2017]
ক) সজন খ) সজোন গ) শজন্ ঘ) শজোন্

## বিগত সালের ব্যাংক প্রশ্নের উত্তর

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | খ | ০২ | খ | ০৩ | খ | ০৪ | খ | ০৫ | খ |
| ০৬ | ক | ০৭ | খ | ০৮ | গ | ০৯ | ক | ১০ | খ |
| ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ঘ |
| ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | গ |
| ২১ | ঘ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ক |
| ২৬ | গ | | | | | | | | |

## বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্ন

- নিম্নবিবৃত স্বরধ্বনি কোনটি? → আ [৪৩তম বিসিএস]
- বাগযন্ত্রের অংশ কোনটি? → স্বরযন্ত্র, ফুসফুস, দাঁত [৪৩তম বিসিএস]
- মানুষের দেহের যেসব অঙ্গ-প্রত্যঙ্গ ধ্বনি তৈরিতে সহায়তা করে তাকে বলে? → বাক প্রত্যঙ্গ [৪২তম বিশেষ বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা]
- নিঃশ্বাসের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিগুচ্ছকে কী বলে? →অক্ষর [৪১তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা]
- ব্যঞ্জন ধ্বনির সংক্ষিপ্ত রূপকে বলে → ফলা [৪১তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা]
- বাংলা ভাষায় ব্যবহৃত মৌলিক স্বরধ্বনি কয়টি? → ৭টি [৩৮ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা]
- 'হ্ম' যুক্তবর্ণটি কীভাবে গঠিত হয়েছে? → হ্ + ম [৩৮ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা]
- 'ঔ' কোন ধরনের স্বরধ্বনি? → যৌগিক স্বরধ্বনি [৩৭ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা]
- বর্গের কোন বর্ণগুলোর ধ্বনি মহাপ্রাণ ধ্বনি? → দ্বিতীয় ও চতুর্থ বর্ণ [৩৭ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা]
- 'বন্ধন' শব্দের সঠিক অক্ষর বিন্যাস → বন্ + ধন্ [৩৬ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা]
- বাংলা বর্ণমালার অর্ধমাত্রার বর্ণ → ৮টি [৩৬ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা]
- বিজ্ঞান শব্দের যুক্তবর্ণের সঠিক রূপ → জ + ঞ [৩৬ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা]
- কোনটি ধ্বনি পরিবর্তনের উদাহরণ নয়? →প্রাতিপদিক [৩৫ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা]
- বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনির সংখ্যা কত? → ৭টি [৩৫ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা]

## পিএসসি অন্যান্য নিয়োগ পরীক্ষার প্রশ্ন

- বাংলা ব্যাকরণ প্রথম কে রচনা করেন? রাজা রামমোহন রায়
- 'ব্যাকরণ মঞ্জুরী' কার রচনা? ড. এনামুল হক
- 'সন্ধি' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়? – ধ্বনিতত্ত্ব।
- 'ক্রিয়ারকাল ও পুরুষ' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? – রূপতত্ত্বে
- 'ণত্ব ও ষত্ব বিধান' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? – ধ্বনিতত্ত্ব
- 'Morphology' এর সমার্থক বাংলা প্রতিশব্দ হলো– – শব্দ/রূপতত্ত্ব।
- ণত্ব ও ষত্ববিধান ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? – ধ্বনিতত্ত্ব
- ণত্ব ও ষত্ববিধান ব্যাকরণের যে অংশে আলোচিত হয়– ধ্বনিতত্ত্ব।
- সমাস ও কারক ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? – রূপতত্ত্বে।
- সন্ধি ব্যাকরণের যে অংশে আলোচিত হয়– ধ্বনিতত্ত্বে।
- 'ব্যাকরণ' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে– সংস্কৃত।

## অন্যান্য নন-ক্যাডার নিয়োগ পরীক্ষার প্রশ্ন

১. **ভাষার মূল উকরণ কী?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৩-০২-২০২৩]
ক) ধ্বনি খ) শব্দ গ) বাক্য ঘ) বর্ণ

২. **দুটো সমবর্ণের একটির পরিবর্তনকে কী বলে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৩-০২-২০২৩]
ক) সমীভবন খ) বিষমীভবন
গ) অপিনিহিত ঘ) অসমীকরণ

৩. **ঠোঁটের মধ্যকার ফাঁকের ব্যবধানের ভিত্তিতে স্বরধ্বনিকে কয়ভাগে ভাগ করা হয়?** [যুব উন্নয়ন অধিদপ্তর; সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা: ৩০.১২.২০২২]
ক) দুই খ) তিন গ) চার ঘ) পাঁচ

৪. **বাঙালি জনগোষ্ঠীর সর্বজনীন কথ্য ভাষা রীতির নাম কী?** [যুব উন্নয়ন অধিদপ্তর; সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা: ৩০.১২.২০২২]
ক) কথা ভাষা খ) আদর্শ রীতি
গ) আদর্শ কথ্য রীতি ঘ) আদর্শ ভাষা রীতি

৫. **শীতের সঞ্চয় চাই 'সঞ্চয়' শব্দের যুক্ত বর্ণ?** [যুব উন্নয়ন অধিদপ্তর; সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা: ৩০.১২.২০২২]
ক) চ, ঞ খ) ঙ, চ গ) ঞ, চ ঘ) চ, ঙ

৬. **কোন ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপের আধিক্য থাকে?** [পোস্টমাস্টার জেনারেল- ২০২২, পদ: উচ্চমান সহকারী; উত্তরাঞ্চল, রাজশাহী-৬২০৩, তারিখ: ১০ সেপ্টেম্বর, ২০২২]
ক) মহাপ্রাণ খ) অল্পপ্রাণ
গ) অঘোষ ঘ) ঘোষ

৭. **বর্ণ হলো ধ্বনির-** [সহকারী তথ্য কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তারিখ: ০১ নভেম্বর, ২০২২]
ক) লিখিত রূপ খ) উচ্চারিত রূপ
গ) ভাবরূপ ঘ) অনুদিত রূপ

৮. **বর্গের কোন কোন বর্ণ মহাপ্রাণ ধ্বনির দৃষ্টান্ত?** [সহকারী তথ্য কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তারিখ: ০১ নভেম্বর, ২০২২]
ক) তৃতীয় বর্ণ খ) দ্বিতীয় ও চতুর্থ বর্ণ
গ) প্রথম ও দ্বিতীয় বর্ণ ঘ) দ্বিতীয় ও তৃতীয় বর্ণ

৯. **বাংলা ভাষায় মৌলিক ধ্বনির সংখ্যা কতটি?** [বাংলাদেশ রেলওয়ের ৩য়/৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগ পরীক্ষা-২০২২, পদ : পয়েন্টসম্যান, তারিখ: ৯ সেপ্টেম্বর, ২০২২]
ক) ৩৭ খ) ৩৯ গ) ৪১ ঘ) ৩১

১০. **তালব্য ব্যঞ্জন ধ্বনির উদাহরণ আছে কোন শব্দটিতে?** [বাংলাদেশ রেলওয়ের ৩য়/৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগ পরীক্ষা-২০২২, পদ : পয়েন্টসম্যান, তারিখ: ৯ সেপ্টেম্বর, ২০২২]
ক) শসা খ) ঘাস গ) কল ঘ) দল

১১. **নিচের কোন দুইটি অঘোষ ধ্বনি?** [পোস্টমাস্টার জেনারেল ২০২২, পদ: পোস্টম্যান (উত্তরাঞ্চল, রাজশাহী), তারিখ: ০৪ নভেম্বর, ২০২২]
ক) দ, ধ খ) ড, ঢ গ) চ, ছ ঘ) ব, ভ

১২. **পরাশ্রয়ী বর্ণ কোনটি?** [পোস্টমাস্টার জেনারেল ২০২২, পদ: পোস্টম্যান (উত্তরাঞ্চল, রাজশাহী), তারিখ: ০৪ নভেম্বর, ২০২২]
ক) ত খ) হ গ) য় ঘ) ং

১৩. **বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণ কয়টি?** [সমাজসেবা অধিদপ্তর ২০২২, পদ: ইউনিয়ন সমাজকর্মী, তারিখ: ২১ অক্টোবর, ২০২২]
ক) ১০টি খ) ৭টি গ) ৮টি ঘ) ৬টি

**১৪. স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে?** [সমাজসেবা অধিদপ্তর ২০২২, পদ: ইউনিয়ন সমাজকর্মী, তারিখ: ২১ অক্টোবর, ২০২২]

ক) কার খ) ফলা
গ) স্বরলিপি ঘ) সম্প্রসারণ

**১৫. বর্গের কোন বর্ণসমূহের ধ্বনি মহাপ্রাণ ধ্বনি?** [দুর্নীতি দমন কমিশন (দুদক) ২০২২, পদ: কনস্টেবল, তারিখ: ২৩ সেপ্টেম্বর, ২০২২]

ক) ১ম ও ৩য় খ) ২য় ও ৪ র্থ
গ) ২য় ও ৩য় ঘ) ২য় ও ৩য়

**১৬. বাংলা বর্ণমালার অর্ধমাত্রার স্বরবর্ণ কয়টি?** [দুর্নীতি দমন কমিশন (দুদক) ২০২২, পদ: কনস্টেবল, তারিখ: ২৩ সেপ্টেম্বর, ২০২২]

ক) ১টি খ) ৩টি গ) ৬টি ঘ) ৭টি

**১৭. কোনটি দন্ত্য বর্ণ?** [বাংলাদেশ রেলওয়ে ৩য়/৪র্থ শ্রেণির নিয়োগ পরীক্ষা ২০২২, পদ: খালাসী, তারিখ: ২৫ নভেম্বর, ২০২২]

ক) ঙ খ) প গ) হ ঘ) দ

**১৮. 'ক্ষ' অক্ষরটি কোন কোন অক্ষরের যুক্ত-** [পরিবার পরিকল্পনা অধিদপ্তর, পদ: সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তারিখ: ২৬ নভেম্বর, ২০২২]

ক) ক্ + খ + ম খ) ক্ + ষ
গ) খ্ + স + ম ঘ) ক্ + খ

**১৯. ভাষার মূল উপাদান কী?** [কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ২০২২, পদ: ইন্সট্রাক্টর, তারিখ: ৩১ অক্টোবর, ২০২২]

ক) বর্ণ খ) ধ্বনি গ) শব্দ ঘ) বাক্য

**২০. বাংলা ব্যঞ্জনবর্ণে 'শ, ষ, স, হ' - এ চারটিকে উষ্ম বর্ণ বলে। উষ্ম শব্দের অর্থ কী?** [বাংলাদেশ ব্যাংক ২০২২, পদ: সহকারি পরিচালক, তারিখ: ২৮ অক্টোবর, ২০২২]

ক) শিস খ) শ্বাস গ) স্পর্শ ঘ) অন্তস্থ

**২১. নিচের কোনগুলো তালব্য বর্ণ?** [বাংলাদেশ রেলওয়ে, পদ : সহকারী স্টেশন মাস্টার, তারিখ: ০৬ আগস্ট, ২০২২]

ক) এ ঐ খ) ই ঈ গ) উ ঊ ঘ) ও ঔ

**২২. বাংলা বর্ণমালায় স্বরবর্ণ কয়টি রয়েছে?** [বাংলাদেশ রেলওয়ে, পদ : সহকারী স্টেশন মাস্টার, তারিখ: ০৬ আগস্ট, ২০২২; ডাক বিভাগ (খুলনা অঞ্চল) ২০২২, পদ: অফিস সহায়ক, তারিখ: ১০.০৬.২০২২; বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড বাছাই পরীক্ষা (নৈর্ব্যক্তিক)- ২০২১ সহকারী ব্যবস্থাপক (ট্রেইনি জেনারেল), পরীক্ষার তারিখ: ০৯.০১.২০২১]

ক) নয়টি খ) দশটি গ) এগারটি ঘ) বারটি

**২৩. 'দ্ধ' যুক্তাক্ষরে কোন দুটি বর্ণ?** [হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়- ২০২২, পদ: জুনিয়র অডিটর, তারিখ: ০১ এপ্রিল, ২০২২]

ক) দ্ + ব খ) দ্+ দ গ) দ্ + ত ঘ) দ্ + ধ

**২৪. ভাষার ক্ষুদ্রতম একক কোনটি?** [হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় ২০২২, পদ: জুনিয়র অডিটর, তারিখ: ০১ এপ্রিল, ২০২২]

ক) বর্ণ খ) শব্দ গ) অক্ষর ঘ) ধ্বনি

**২৫. বীণার ধ্বনি কী?** [নিয়োগ পরীক্ষা ২০২২, পদের নাম: কন্ডাক্টর ডি (কাউন্টারম্যান), তারিখ: ১ জুলাই, ২০২২]

ক) কুজন খ) নাদ গ) নিক্কণ ঘ) রিমঝিম

**২৬. বর্ণমালায় অর্ধমাত্রা কয়টি আছে?** [নিয়োগ পরীক্ষা ২০২২, পদের নাম: কন্ডাক্টর ডি (কাউন্টারম্যান), তারিখ: ১ জুলাই, ২০২২]

ক) ৭টি খ) ৮টি গ) ৯টি ঘ) ১০টি

**২৭. ভাষার ক্ষুদ্রতম একক কোনটি?** [ডাক বিভাগ (খুলনা অঞ্চল)_ ২০২২, পদ: অফিস সহায়ক, তারিখ: ১০.০৬.২০২২]

ক) বর্ণ খ) শব্দ গ) অক্ষর ঘ) ধ্বনি

**২৮. বাংলা বর্ণমালার অর্ধমাত্রার বর্ণ কয়টি?** [বাংলাদেশ রেলওয়ে MCQ (টাইপ) লিখিত পরীক্ষা ২০২২, পদ: গার্ড গ্রেড ২, তারিখ: ১৭ জুন, ২০২২]

ক) ৭টি খ) ৯টি গ) ১০টি ঘ) ৮টি

**২৯. বাংলা ব্যঞ্জনবর্ণ কয়টি?** [বন অধিদপ্তর (কেন্দ্রীয় অঞ্চল) বাছাই পরীক্ষা ২০২২, পদ: জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট নিয়োগ, তারিখ: ২৩ এপ্রিল, ২০২২]

ক) ৩২ টি খ) ৩৬ টি গ) ৩৯ টি ঘ) ৪২ টি

**৩০. ধ্বনি নির্দেশক চিহ্নকে কী বলা হয়?** [বন অধিদপ্তর (কেন্দ্রীয় অঞ্চল) বাছাই পরীক্ষা ২০২২, পদ: জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট নিয়োগ, তারিখ: ২৩ এপ্রিল, ২০২২]

ক) শব্দ খ) বর্ণ গ) ধ্বনি ঘ) চিহ্ন

**৩১. 'ক' থেকে 'ন' পর্যন্ত ব্যঞ্জন বর্ণের সংখ্যা কত?** [বাংলাদেশ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল- ২০২২, পদ: সিনিয়র একাউন্টস ক্লার্ক, তারিখ: ২০ মে, ২০২২]

ক) ২৫ টি খ) ২৮ টি গ) ২৭ টি ঘ) ২৬ টি

**৩২. উচ্চারণের একক (unit) - কে কী বলা হয়?** [বাংলাদেশ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল- ২০২২, পদ: সিনিয়র একাউন্টস ক্লার্ক, তারিখ: ২০ মে, ২০২২]

ক) অক্ষর খ) অনুসর্গ গ) উপসর্গ ঘ) ধ্বনি

**৩৩. কণ্ঠ থেকে উচ্চারিত ধ্বনি** [বাংলাদেশ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল- ২০২২, পদ: সিনিয়র একাউন্টস ক্লার্ক, তারিখ: ২০ মে, ২০২২]

ক) ক খ) ঙ গ) হ ঘ) ঝ

**৩৪. বাংলা বর্ণমালায় মাত্রাবিহীন বর্ণের সংখ্যা কয়টি?** [বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) ২০২২ পদ: সহকারি পরিচালক তারিখ: ২২ এপ্রিল, ২০২২]

ক) আটটি খ) নয়টি গ) দশটি ঘ) এগারোটি

**৩৫. "ঔ" কোন ধরনের স্বরধ্বনি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ওয়ারলেস অপারেটর পদে নিয়োগ পরীক্ষা ২০২১, পরীক্ষার তারিখ: ১৯ ফেব্রুয়ারি, ২০২১]

ক) তালব্য স্বরধ্বনি খ) যৌগিক স্বরধ্বনি
গ) মিলিত স্বরধ্বনি ঘ) কোনোটিই নয়

**৩৬. 'ক' থেকে 'ম' পর্যন্ত পঁচিশটি ধ্বনিকে কি বলে?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ওয়ারলেস অপারেটর পদে নিয়োগ পরীক্ষা ২০২১, পরীক্ষার তারিখ: ১৯ ফেব্রুয়ারি, ২০২১]

ক) কণ্ঠধ্বনি খ) স্পর্শধ্বনি
গ) তালব্য ধ্বনি ঘ) মূর্ধন্য ধ্বনি

**৩৭. দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত বা মধ্যবর্তী স্বরধ্বনির লোপকে কি বলে?** [খাদ্য অধিদপ্তর, পদ: সহকারী উপ-খাদ্য পরিদর্শক, তারিখ: ০৩.১২.২০২১]

ক) অভিশ্রুতি খ) অপিনিহিতি
গ) স্বরসঙ্গতি ঘ) সম্প্রকর্ষ

**৩৮. স্বরধ্বনি নয় কোনটি?** [NSI, (ওয়াচার কন্সটেবল) বর্তমান পদনাম: ফিল্ড স্টাফ, তারিখ: ১৭.০৯.২০২১]

ক) ই খ) ঋ গ) ও ঘ) ঔ

ব্যাখ্যা: সংস্কৃত থেকে সরাসরি বাংলায় এসেছে বলে এবং উচ্চারণের সময় ব্যঞ্জনের মাধ্যমে প্রকাশিত হয় (রি) বলে 'ঋ' কে প্রকৃত স্বরধ্বনি বলা চলে না।

**৩৯. বাংলা ভাষায় মৌলিক ধ্বনির সংখ্যা কত?** [NSI, (ওয়াচার কনস্টেবল) বর্তমান পদনাম: ফিল্ড স্টাফ, তারিখ: ১৭.০৯.২০২১]

ক) ৭ খ) ৩৭ গ) ৩২ ঘ) ৩৯

**৪০. 'হ' কোন ধ্বনির অন্তর্ভুক্ত?** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর জনবল নিয়োগ পরীক্ষা-২০২১, পদের নাম: ক্যাশিয়ার/ স্টোর কিপার, তারিখ: ১০.১২.২০২১]

ক) ঘোষ খ) অঘোষ
গ) অনুনাসিক ঘ) কোনটি নয়

**৪১. স্বরবর্ণের কার চিহ্ন কয়টি?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক), পদনাম: সহকারী নিরাপত্তা কর্মকর্তা, তারিখ: ১৮.০৯.২০২১]

ক) ৯ খ) ৮ গ) ১০ ঘ) ১২

**৪২. 'হ্ব' এর যুক্তবর্ণ কোনটি?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক), পদনাম: সহকারী নিরাপত্তা কর্মকর্তা, তারিখ: ১৮.০৯.২০২১]

ক) হ্ + ঋ খ) হ্ + এঃ গ) হ + ঋ ঘ) হ্ + ন

**৪৩. 'ক্ষ' এই যুক্তব্যঞ্জনে কি বর্ণ রয়েছে?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI), পদনাম: জুনিয়র ফিল্ড অফিসার, তারিখ: ২৪.০৯.২০২১]

ক) ক + ষ খ) হ্ + ম গ) ম্ + ম ঘ) ঞ্ + জ

**৪৪. নিচের কোনটি শিশধ্বনি?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI), পদনাম: জুনিয়র ফিল্ড অফিসার, তারিখ: ২৪.০৯.২০২১]

ক) শ খ) ড় গ) ল ঘ) র

**৪৫. দন্তমূলীয় ব্যঞ্জনধ্বনি কোনটি?** [মৎস্য অধিদপ্তরের কর্মচারী নিয়োগের প্রাথমিক বাছাই পরীক্ষা-২০২১, পদের নাম: অফিস সহায়ক, তারিখ: ২৪.১২.২১]

ক) গ খ) ফ গ) জ ঘ) স

**৪৬. বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণ কয়টি?** [মৎস্য অধিদপ্তরের কর্মচারী নিয়োগের প্রাথমিক বাছাই পরীক্ষা-২০২১, পদের নাম: অফিস সহায়ক, তারিখ: ২৪.১২.২১]

ক) ১০ খ) ১১ গ) ৮ ঘ) ৯

**৪৭. বাংলা ব্যঞ্জনবর্ণ কয়টি?** [রেলপথ মন্ত্রণালয়ের চতুর্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ পরীক্ষা ২০২১, পদের নাম : অফিস সহায়ক, তারিখ: ১৯.০৬.২০২১]
ক) ৩৫ খ) ৩৭ গ) ৩৯ ঘ) ৪১

**৪৮. 'তীক্ষ্ণ' শব্দের যুক্তবর্ণের সঠিক বিশ্লেষণ কোনটি?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI), Assistant Director, Research officer & Assistant Programmer (Set - A), তারিখ: ০৮. ১০. ২০২১]
ক) ক্ + ষ্ + ণ খ) ক + ষ + ন
গ) ক + ষ +ম ঘ) ক + হ + ণ

**৪৯. জিভের উচ্চতা অনুযায়ী নিম্ন-মধ্য স্বরধ্বনি কোনগুলো?** [বাংলাদেশ ক্যামিকেল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, পদের নাম: Assistant Administrative Officer, তারিখ: ১০.০৯.২০২১]
ক) অ, আ খ) ই, উ গ) এ, ও ঘ) অ্যা, অ

**৫০. কোনটি কণ্ঠনালীয় ব্যঞ্জন ধ্বনি?** [বাংলাদেশ ক্যামিকেল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, পদের নাম: Assistant Administrative Officer, তারিখ: ১০.০৯.২০২১]
ক) ক খ) শ গ) ড় ঘ) হ

**৫১. বাংলা ভাষায় মৌলিক ব্যঞ্জন ধ্বনির সংখ্যা কত?** [বাংলাদেশ ক্যামিকেল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, পদের নাম: Assistant Manager (Admin), তারিখ: ১১.০৯.২০২১]
ক) ৩০ খ) ৩২ গ) ৩৭ ঘ) ৩৯

**৫২. 'ব্রহ্মপুত্র' শব্দে 'হ্ম' যুক্তবর্ণের কোন কোন বর্ণ রয়েছে?** [বাংলাদেশ ক্যামিকেল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, পদের নাম: Assistant Manager (Admin), তারিখ: ১১.০৯.২০২১]
ক) ক, ষ খ) ম্, হ গ) হ্, ম ঘ) ম্, ম

**৫৩. বাংলা বর্ণমালায় পূর্নমাত্রার বর্ণ কয়টি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা - ২০২১ (বিকাল), পরীক্ষার তারিখ: ৫ মার্চ ২০২১; [কারিগরি শিক্ষা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা - ২০২১ (বিকাল), পরীক্ষার তারিখ: ৫ মার্চ ২০২১]
ক) ১০টি খ) ৮টি গ) ১১টি ঘ) ৩২টি

**৫৪. বাংলা ভাষায় ব্যবহৃত ধ্বনির সংখ্যা কয়টি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা - ২০২১ (সকাল), পরীক্ষার তারিখ: ৫ মার্চ ২০২১]
ক) ৩৯ খ) ৪১ গ) ৪২ ঘ) ৪৩

**৫৫. 'ট' বর্গীয় ধ্বনির আগে কোনটি ব্যবহৃত হয়?** [কারিগরি শিক্ষা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা - ২০২১ (সকাল), পরীক্ষার তারিখ: ৫ মার্চ ২০২১]
ক) ন খ) প্র গ) ণ্য ঘ) ণ

**৫৬. 'ব্যাকরণ' শব্দের বুৎপত্তিগত অর্থ কোনটি?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI), পদনাম: জুনিয়র ফিল্ড অফিসার, তারিখ: ২৪.০৯.২০২১]
ক) অবগত হওয়া খ) বাক্য ধারণা
গ) বিশেষভাবে উচ্চারণ ঘ) বিশেষভাবে বিশ্লেষণ

**উত্তরপত্র**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১.গ | ২.খ | ৩.খ | ৪.গ | ৫.গ | ৬.ক | ৭.ক | ৮.খ |
| ৯.ক | ১০.ক | ১১.গ | ১২.ঘ | ১৩.ক | ১৪.ক | ১৫.খ | ১৬.ক |
| ১৭.ঘ | ১৮.খ | ১৯.খ | ২০.খ | ২১.খ | ২২.গ | ২৩.ঘ | ২৪.ঘ |
| ২৫.গ | ২৬.খ | ২৭.ঘ | ২৮.ঘ | ২৯.গ | ৩০.খ | ৩১.খ | ৩২.ক |
| ৩৩.ক | ৩৪.গ | ৩৫.খ | ৩৬.খ | ৩৭.ঘ | ৩৮.খ | ৩৯.খ | ৪০.ক |
| ৪১.গ | ৪২.ক | ৪৩.খ | ৪৪.ক | ৪৫.ঘ | ৪৬.ক | ৪৭.গ | ৪৮.ক |
| ৪৯.ঘ | ৫০.ক | ৫১.ক | ৫২.গ | ৫৩.ঘ | ৫৪.খ | ৫৫.ঘ | ৫৬.ঘ |

## বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষার প্রশ্ন

**১. বাংলা ভাষার মূল উৎস কী?** [১৭তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০২২]
ক) হিন্দি ভাষা খ) বৈদিক ভাষা
গ) উড়িয়া ঘ) অনার্য ভাষা

**২. সাধু ও চলিত রীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয়?** [১৭তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০২২]
ক) অব্যয় খ) সম্বোধন পদ
গ) সর্বনাম ঘ) ক্রিয়া

**৩. ভাষার কোন রীতি তৎসম শব্দবহুল?** [১৭তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০২২]
ক) সাধুরীতি খ) চলিতরীতি
গ) কথ্যরীতি ঘ) লেখ্যরীতি

**৪. 'উষ্ণ' শব্দের যুক্তাক্ষরটি কোন কোন বর্ণের সমন্বয়ে গঠিত?** [১৬তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৯]
ক) ষ্ + ন খ) ষ্ + ণ গ) ষ্ + ঞ ঘ) ষ্ + ঙ

**৫. কোনটি ওষ্ঠ্য ধ্বনি?** [১৬তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৯]
ক) ম খ) ঙ গ) দ ঘ) জ

**৬. কোনটি মৌলিক স্বরধ্বনি?** [১৬তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৯]
ক) ঔ খ) ঈ গ) ঐ ঘ) এ

**৭. কোনগুলো দন্ত্য ধ্বনি?** [১৬তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৯]
ক) ক খ গ ঘ খ) প ফ ব ভ
গ) ত থ দ ধ ঘ) ট ঠ ড ঢ

**৮. 'ঙ' ধ্বনিটির সঠিক উচ্চারণ হলো–** [১৫তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৯]
ক) উম্য খ) উমো গ) ইয়ো ঘ) উয়ো

**৯. স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে?** [১৪তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৭]
ক) ফলা খ) কার গ) ধ্বনি ঘ) অক্ষর

**১০. বাগযন্ত্রের অংশ নয়–** [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৫]
ক) দাঁত খ) তালু গ) কান ঘ) নাক

**১১. ভাষার মূল উপকরণ কী?** [১১তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]
ক) বাক্য খ) ধ্বনি গ) শব্দ ঘ) বর্ণ

**১২. কোনটি দন্ত্য ধ্বনি?** [১১তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]
ক) ণ খ) প গ) ত ঘ) চ

**১৩. কণ্ঠ থেকে উচ্চারিত ধ্বনি–** [১০তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]
ক) ক খ) ঙ গ) হ ঘ) ঝ

**১৪. বাংলা ভাষার মাত্রাহীন বর্ণ কয়টি?** [৬ষ্ঠ বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১০]
ক) ৭টি খ) ৮টি গ) ৯টি ঘ) ১০টি

**১৫. ভাষার মূল উপকরণ কী?** [৮তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১২]
ক) ধ্বনি খ) বাক্য গ) শব্দ ঘ) বর্ণ

**উত্তরপত্র**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১.ঘ | ২.ক | ৩.ক | ৪.খ | ৫.ক | ৬.ঘ | ৭.গ | ৮.ঘ |
| ৯.খ | ১০.গ | ১১.ক | ১২.গ | ১৩.ক | ১৪.ঘ | ১৫.খ | |

## বেসরকারি স্কুল শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষার প্রশ্ন

**০১. অঘোষ অল্পপ্রাণ ধ্বনি কোনটি?** [17th NTRC (School/Equivalent) Exam-202]
ক) 'চ' ধ্বনি খ) 'ছ' ধ্বনি গ) 'জ' ধ্বনি ঘ) 'ঝ' ধ্বনি

**০২. সাধু ও চলিত ভাষার প্রধান প্রার্থক্য-** [17th NTRC (School/Equivalent) Exam-202]
ক) বাক্যের গঠন প্রক্রিয়ায়
খ) ক্রিয়া ও সর্বনাম পদের রূপগত ভিন্নতায়
গ) শব্দের কথা ও লেখা রূপের ভিন্নতায়
ঘ) ভাষার জটিলতা ও প্রাঞ্জলতা

**০৩. সন্ধিতে চ ও জ এর নাসিক্য ধ্বনি কী হয়?** [17th NTRC (School/Equivalent) Exam-202]
ক) অনুস্বার খ) দ্বিত্ব গ) মহাপ্রাণ ঘ) তালব্য

**০৪. বাংলা বর্ণমালায় পরাশ্রয়ী বর্ণ কোনটি?** [16th NTRC (School/Equivalent) Exam-2019]
ক) ৫টি খ) ৩টি গ) ৪টি ঘ) ১টি

**০৫. বাংলা বর্ণমালার উৎস কী?** [16th NTRC (School/Equivalent) Exam-2019]
ক) তিব্বতি লিপি খ) ব্রাহ্মী লিপি
গ) খরোষ্ঠী লিপি ঘ) দেবনাগরী লিপি

**০৬. নিচের কোনটি ঘোষ অল্পপ্রাণ বর্ণ?** [15th NTRC (School/Equivalent) Exam-2019]
ক) ট খ) থ গ) ড ঘ) ভ

০৭. বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রা, অর্ধমাত্রা ও মাত্রাহীন বর্ণের সংখ্যা যথাক্রমে– [15th NTRC (School/Equivalent) Exam-2019]
ক) ৩২, ৮, ১০ খ) ৩২, ৭, ১১
গ) ৩০, ৮, ১২ ঘ) ৩২, ৭, ৯

০৮. 'ক্ষ'-এর সঠিক বিশ্লেষণ কোনটি? [15th NTRC (School/Equivalent) Exam-2019]
ক) ক্ + ষ খ) হ্ + ম গ) হ্ + ন ঘ) ষ্ + ণ

০৯. ভাষার মূল উপাদান কোনটি? [১৫তম ঘএজ্ঞজ্ঞ (ঝপযড়ড়ষ/উয়ঁরাধষবহঃ) উীধস-২০১৯]
ক) ধ্বনি খ) শব্দ গ) বাক্য ঘ) অর্থ

১০. নিচের কোনটি শুদ্ধ? [14th NTRC (School/Equivalent) Exam-2017]
ক) ষ্ণ = ষ্ + ণ খ) ষ্ণ = ষ্ + ঞ
গ) ষ্ণ = ষ্ + ন ঘ) ষ্ণ = ষ্ + ঙ

১১. পাশাপাশি দু'টি ধ্বনি বা বর্ণের মিলনকে কী বলে? [11th NTRC (School/Equivalent) Exam-2014]
ক) উপসর্গ খ) অনুসর্গ গ) সমাস ঘ) সন্ধি

| উত্তরপত্র | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১.ক | ২.খ | ৩.ঘ | ৪.খ | ৫.খ | ৬.গ | ৭.ক | ৮.খ |
| ৯.ক | ১০.ক | ১১.ঘ | | | | | |

## প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষার বিগত সালের প্রশ্নোত্তোর– ২০১৫-২০২২

১. বাংলা বর্ণমালায় অর্ধমাত্রা বর্ণ কয়টি? [প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০, পদ: সহকারি শিক্ষক (৩য় পর্যায়), তারিখ: ৩ জুন, ২০২২]
ক) ৮ খ) ৯ গ) ৬ ঘ) ৭

২. ধ্বনি হলো– [প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০, পদ: সহকারি শিক্ষক (২য় পর্যায়), তারিখ: ২০ মে, ২০২২]
ক) অর্থবোধক শব্দসমষ্টি খ) ভাষার লিখিত রূপ
গ) দুটি শব্দের মিলন ঘ) ভাষার ক্ষুদ্রতম অংশ

৩. বর্ণমালায় মাত্রাবিহীন বর্ণ কয়টি?
ক) ১০ খ) ১১ গ) ৮ ঘ) ৯

৪. কোনগুলো ওষ্ঠ্য ধ্বনি?
ক) ত, থ, দ, ধ, ন খ) ক, খ, গ, ঘ, ঙ
গ) চ, ছ, জ, ঝ, ঞ ঘ) প, ফ, ব, ভ, ম

৫. 'পক্ষী' শব্দের সংযুক্ত বর্ণ কোন কোন বর্ণ নিয়ে গঠিত?
ক) ষ + ঞ খ) ক্ + ষ গ) ক + খ ঘ) ষ + ন

৬. 'বর্ণ' হচ্ছে-
ক) ধ্বনির শ্রুতিগ্রাহ্য রূপ খ) ধ্বনি নির্দেশক প্রতীক
গ) একই সঙ্গে উচ্চারিত ধ্বনি গুচ্ছ
ঘ) শব্দের ক্ষুদ্রতম অংশ

৭. একই সঙ্গে উচ্চারিত দুটি মিলিত স্বরধ্বনিকে কি বলে?
ক) অনাবৃত স্বর খ) একাক্ষর স্বর
গ) যৌগিক স্বর ঘ) মৌলিক স্বর

৮. 'দন্ত্য বর্ণ' কোনগুলো?
ক) প, ফ, ব, ভ খ) ট, ঠ, ড, ঢ
গ) ত, থ, দ, ধ ঘ) ক, খ, গ, ঘ

৯. 'ওষ্ঠ্য' বর্ণ কোনগুলো?
ক) ট, ঠ, ড, ঢ, ণ খ) প, ফ, ব, ভ, ম
গ) ক, খ, গ, ঘ, ঙ ঘ) চ, ছ, জ, ঝ, ঞ

১০. 'নাসিক্য' বর্ণ কোনগুলো?
ক) অ, ঋ, ব খ) ঙ, ঞ, ণ
গ) উ, ঊ, য় ঘ) শ, স, ষ

১১. উপরের ও নিচের ঠোঁটের সাহায্যে উচ্চারিত ধ্বনিগুলোকে কী বলে?
ক) দন্ত্য ধ্বনি খ) দন্তমূলীয় ধ্বনি
গ) ওষ্ঠ্য ধ্বনি ঘ) দ্বি-ওষ্ঠ্য ধ্বনি

১২. জিভের সামনের অংশের সাহায্যে উচ্চারিত স্বরধ্বনিগুলোকে কী বলে?
ক) নিম্ন-স্বরধ্বনি খ) অগ্র-স্বরধ্বনি
গ) জিভ-স্বরধ্বনি ঘ) সম্মুখ-স্বরধ্বনি

১৩. নিচের কোনটি যৌগিক স্বরধ্বনির চিহ্ন?
ক) উ খ) আ গ) ঔ ঘ) উ

১৪. কোন দুটি মহাপ্রাণ ধ্বনি?
ক) খ, ঝ খ) ক, খ গ) ত, দ ঘ) চ, জ

১৫. কোনটি মূল ধ্বনি নয়?
ক) উ খ) অ গ) এ ঘ) ঔ

১৬. বাংলা বর্ণমালায় কটি 'ব' আছে?
ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ১

১৭. কোন দুটি মূল স্বরধ্বনি নয়?
ক) ঐ, ঔ খ) ঐ, অ গ) আ, ঔ ঘ) ই, ঔ

১৮. তালব্যবর্ণ কোনগুলো?
ক) এ, ঐ খ) ই, ঈ গ) উ, ঊ ঘ) ও, ঔ

| উত্তরপত্র | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১.ক | ২.ঘ | ৩.ক | ৪.ঘ | ৫.খ | ৬.খ | ৭.গ | ৮.গ |
| ৯.খ | ১০.খ | ১১.গ | ১২.ঘ | ১৩.গ | ১৪.ক | ১৫.ঘ | ১৬.ঘ |
| ১৭.ক | ১৮.গ | | | | | | |

## প্রতিযোগিতামূলক পরীক্ষার উপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্নোত্তর

- বাংলা 'ব্যঞ্জনবর্ণ'-মালায় 'ম' অক্ষরটির পূর্বের পঞ্চম অক্ষরটি কী? – ন
- বাংলা বর্ণমালায় স্বরবর্ণ কয়টি? - ১১টি
- বাংলা ব্যঞ্জনধ্বনি কয়টি? - ৩০টি
- বাংলা ভাষায় ব্যবহৃত ধ্বনি কত প্রকার? - ২ প্রকার
- বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রার বর্ণ কয়টি? - ৩২টি
- কোন দুটি অঘোষ ধ্বনি? - চ ছ
- বাংলা ভাষায় পরাশ্রয়ী ধ্বনি কতটি? – ৩টি
- নিচের কোন গুলো কণ্ঠধ্বনি? – ক, খ, গ, ঘ, ঙ
- উচ্চারণস্থানের নামানুসারে চ-বর্গের বর্ণগুলো কী নামে পরিচিত -তালব্য বর্ণ।
- কোনটি কণ্ঠধ্বনি নয়? – প।
- বাংলা স্বরবর্ণে স্বরধ্বনিমূল কয়টি? – সাতটি।
- বাংলায় বর্গীয় ধ্বনি কয়টি?– ২৫টি ।
- কোনটি ঘোষ-মহাপ্রাণ ধ্বনি? – ঘ।
- নাসিক্য ধ্বনি– – ম।
- যে ধ্বনিটি ঘোষ– দ।
- 'স' ধ্বনিটির পরিচয়– উষ্ম।
- কোন দুটি যৌগিক বর্ণ?– ঐ, ঔ।
- মৌলিক স্বরধ্বনি– এ।
- যেটি অঘোষ অল্পপ্রাণ ধ্বনি? – চ।
- বাংলা ভাষার যৌগিক স্বরধ্বনির সংখ্যা– – ২৫।
- অক্ষর উচ্চারণের কাল পরিমাণকে কী বলে? – ধ্বনি।
- মৌলিক স্বরধ্বনি– এ।
- কোনটি ওষ্ঠ্য ধ্বনি- ম।
- দন্ত্যধ্বনি– ত, থ, দ, ধ।
- বাংলা ভাষার ওষ্ঠ্য ব্যঞ্জনধ্বনির সংখ্যা– ৫টি।

- ভাষার ক্ষুদ্রতম একক ধ্বনি।
- ভাষার মূলভিত্তি ধ্বনি।
- ধ্বনি নির্দেশক চিহ্নকে বর্ণ বলে।
- ধ্বনি ২ প্রকার– স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনি।
- বাংলা বর্ণমালার মোট বর্ণসংখ্যা ৫০। এর মধ্যে স্বরবর্ণ ১১টি এবং ব্যঞ্জনবর্ণ ৩৯টি।
- স্বর বর্ণের সংক্ষিপ্ত রূপকে 'কার' বলে।
- ব্যঞ্জন বর্ণের সংক্ষিপ্ত রূপকে 'ফলা' বলে।
- 'অ'-এর কোনো সংক্ষিপ্ত রূপ বা কার নেই, তাই বিলীন বর্ণ বলে।
- মাত্রাহীন বর্ণসংখ্যা– ১০।
- অর্ধমাত্রার বর্ণসংখ্যা– ৮।
- পূর্ণমাত্রার বর্ণসংখ্যা– ৩২।
- বাংলাভাষার মৌলিক স্বরধ্বনি ৭টি– অ, আ, ই, উ, অ্যা, এ, ও।
- বাংলা যৌগিক স্বরধ্বনির সংখ্যা– ২৫।
- বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক ২টি বর্ণ রয়েছে– ঐ, ঔ।
- স্পর্শধ্বনি ২০টি (আব্দুল হাই ও নবম-দশম শ্রেণির ব্যাকরণ বই অনুসারে)
- প-বর্গীয় বর্ণগুলোকে ওষ্ঠ বর্ণ বলে।
- পরাশ্রয়ী বর্ণ ৩টি– ং, ঃ, ঁ।
- অনুনাসিক বর্ণ মোট ৭টি– ঙ, ঞ, ণ, ন, ম, ং, ঁ।
- শ, ষ, স, হ– এই চারটি উষ্ম বা শিশবর্ণ (উষ্মধ্বনি বা শিশধ্বনি- ৩টি– শ, স, হ)।
- তালব্য ধ্বনি– য।
- কম্পনজাত ধ্বনি– র।
- পার্শ্বিক ধ্বনি– ল।
- তাড়নজাত ধ্বনি– ড়, ঢ়।
- প্রত্যেক বর্গের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম ধ্বনি ঘোষ এবং প্রথম ও দ্বিতীয় ধ্বনি হলো অঘোষ।
- প্রত্যেক বর্গের প্রথম, তৃতীয় ধ্বনি অল্পপ্রাণ এবং দ্বিতীয়, চতুর্থ ধ্বনি মহাপ্রাণ ঘোষ।
- সাধু ও চলিত ভাষার মূল পার্থক্য কোন পদে বেশি বেশি দেখা যায়? - ক্রিয়া ও সর্বনাম
- 'তৎসম' শব্দের ব্যবহার কোন রীতিতে বেশি হয়? – সাধুরীতি।
- সাধুভাষা সাধারণত কোথায় অনুপযোগী? – নাটকের সংলাপে।
- বাংলা ভাষার উদ্ভব হয়েছে কোন ভাষা থেকে? – প্রাকৃত ভাষা।
- সাধুভাষা ও চলিত ভাষার পার্থক্য–
  – ক্রিয়াপদ ও সর্বনাম পদের রূপে।
- ভাষার ক্ষুদ্রতম উপাদান কোনটি? - ধ্বনি
- বক্তৃতা ও সংলাপের জন্য কোন ভাষা বেশি ব্যবহার করা হয়?
  - চলিত ভাষা
- ভাষার ক্ষুদ্রতম একক কোনটি? - ধ্বনি
- বাংলা ভাষার রীতি কয়টি? - দুটি
- বাঙালি জাতির মাতৃভাষা কোনটি? - বাংলা
- 'অদ্য' শব্দটি যে ভাষারীতির– সাধু রীতি।
- নাটকের সংলাপের উপযোগী ভাষার যে রীতি– চলিত রীতি।
- বাংলা ভাষারীতির রূপ– দুইটি : সাধু ও চলিত।
- জুতো শব্দটি– চলিত ভাষারীতির।
- ভাষার কোন রীতি তদ্ভব শব্দবহুল– চলিতরীতি।
- চলিত ভাষার বৈশিষ্ট্য– প্রমিত উচ্চারণ।
- বাংলা সাহিত্যের ইতিহাসবিষয়ক গ্রন্থসমূহের মধ্যে কোনটি ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র লেখা? - বাংলা সাহিত্যের কথা।
- মুহম্মদ আব্দুল হাই রচিত ধ্বনিবিজ্ঞান বিষয়ক গ্রন্থের নাম কী?
  – ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব।
- 'The Origin and Development of Bengali Language' গ্রন্থটি রচনা করেছেন–
  – ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়।
- বাংলা ভাষায় রচিত প্রথম ব্যাকরণ গ্রন্থের রচয়িতা–
  – রাজা রামমোহন রায়।
- কে সর্বপ্রথম বাংলা টাইপ সহযোগে বাংলা ব্যাকরণ মুদ্রণ করেন?
  – ব্রাসি হ্যালহেড।
- 'বাংলা ভাষার ইতিবৃত্ত' কে রচনা করেন? – ড. মুহম্মদ শহীদুল্লাহ্।
- প্রথম 'থিসারাস' বা সমার্থক শব্দের অভিধান সংকলন করেছেন–
  – প্রাণতোষ ঘটক (অপশনে প্রাণতোষ ঘটক না থাকলে বিচারপতি হাবিবুর রহমান হবে)।
- 'ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ' কে রচনা করেন?
  – ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়।
- ড. মুহম্মদ শহীদুল্লাহ রচিত গ্রন্থ– বাংলাভাষার ইতিবৃত্ত।

## ধ্বনির পরিবর্তন

ধ্বনি পরিবর্তনের ক্ষেত্রে ড. সৌমিত্র শেখর বলেন, কোনো ভাষার শব্দ বহুজনে ব্যবহার হতে হতে কখনো সেই শব্দের ধ্বনিগুলোয় নির্দিষ্ট ক্রম রক্ষা হয় না অথবা এর কোনো ধ্বনি বা এতে ধ্বনির আগমন ঘটে, কিন্তু আগের অর্থ বোঝায়। এরূপ পরিবর্তনকে ধ্বনির পরিবর্তন বলে। যেমন– স্কুল > ইস্কুল; পিশাচ > পিচাশ।

**ধ্বনির পরিবর্তনের কারণ**

- উচ্চারণের দ্রুততা
- উচ্চারণের সহজতা
- উচ্চারণের সময় অসাবধানতা
- মুখগহ্বরের প্রত্যঙ্গ-আড়ষ্টতা বা হীনতা।

### বিভিন্ন ধরনের ধ্বনির পরিবর্তন ও উদাহরণ

১. **ধ্বন্যাগম** : এক ধরনের ধ্বনি পরিবর্তন। উচ্চারণের কারণে অনেক শব্দে যে ধ্বনি নেই তা এসে গেলে তাকে ধ্বনির আগম বা ধ্বন্যাগম বলে। আগত ধ্বনি স্বরধ্বনি হলে বলে স্বরাগম, ব্যঞ্জনধ্বনি হলে বলে ব্যঞ্জনাগম।

i. **আদিস্বরাগম** : ধ্বনি পরিবর্তনের ফলে মূল শব্দের আদিতে স্বরধ্বনির আগমন ঘটাকে আদিস্বরাগম বলে। যেমন–

| | |
|---|---|
| স্কুল > ইস্কুল | স্তাবল > আস্তাবল |
| স্পর্ধা > আস্পর্ধা | স্টেশন > ইস্টেশন |
| স্ত্রী > ইস্ত্রী | স্টিমার > ইস্টিমার ইত্যাদি। |

ii. **মধ্যস্বরাগম, বিপ্রকর্ষ বা স্বরভক্তি** : সময় সময় উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জনধ্বনির মাঝখানে স্বরধ্বনি আসে। একে বলা হয় মধ্যস্বরাগম, বিপ্রকর্ষ বা স্বরভক্তি। যেমন–

- অ– রত্ন > রতন, ধর্ম > ধরম, স্বপ্ন > স্বপন, হর্ষ > হরষ ইত্যাদি
- ই– প্রীতি > পিরীতি, ক্লিপ > কিলিপ, ফিল্ম > ফিলিম ইত্যাদি।
- উ– মুক্তা > মুকুতা, তুর্ক > তুরুক, ভ্রু > ভুরু ইত্যাদি।
- এ– গ্রাম > গেরাম, প্রেক > পেরেক, স্রেফ > সেরেফ ইত্যাদি।
- ও– শ্লোক > শোলোক, মুরগ > মুরোগ > মোরগ ইত্যাদি।

iii. **অন্ত্যস্বরাগম** : শব্দের শেষে অতিরিক্ত স্বরধ্বনির আগমনকে অন্ত্যস্বরাগম বলে। যেমন– দিশ্ > দিশা, সত্য > সত্যি, বেঞ্চ > বেঞ্চি, ট্যাক্স > ট্যাকসো, পোখ্‌ত > পোক্ত ইত্যাদি।

২. **অপিনিহিতি :** পরের ই-কার আগে উচ্চারিত হলে কিংবা যুক্ত ব্যঞ্জনধ্বনির আগে ই-কার বা উ-কার উচ্চারিত হলে তাকে অপিনিহিতি বলে। যেমন- আজি > আইজ, সাধু > সাউধ, রাখিয়া > রাইখ্যা, বাক্য > বাইক্য, সত্য > সইত্য, চারি > চাইর, মারি > মাইর, ভাগ্য > ভাইগ্য, কন্যা > কইন্যা, বক্ষ > বইক্ষ, লক্ষ > লইক্ষ, কাব্য > কাইব্য, মাছুয়া > মাউছ্যা ইত্যাদি।

৩. **অসমীকরণ :** একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য মাঝখানে স্বরধ্বনি যুক্ত হলে তাকে অসমীকরণ বলে। যেমন- ফট + ফট = ফটাফট, ধপ + ধপ = ধপাধপ, টপ + টপ = টপাটপ, পট + পট = পটাপট ইত্যাদি।

৪. **স্বরসংগতি :** পরপর দুটি স্বরধ্বনি থাকলে উচ্চারণের সময় তাদের একটি পরিবর্তিত হয়ে অন্যটির মতো হওয়াকে স্বরসংগতি বলে। যেমন- কবুল > কোবুল, বিদ্যা > বিদ্যে, মুলা > মুলো, বিলাতি > বিলিতি, দেশি > দিশি, শিকা > শিকে, তুলা > তুলো, মোজা > মুজো, মিথ্যা > মিথ্যে, ফিতা > ফিতে, নৌকা > নৌকো, পূজা > পুজো, জুতা > জুতো, চুলা > চুলো, রুপা > রুপো, বন্য > বুনো, সুতা > সুতো, মিঠা > মিঠে, শিয়াল > শেয়াল, ইচ্ছা > ইচ্ছে, ধুলা > ধুলো, সৌরভ > সৌরোভ, শিখা > শেখা, পোষ্য > পুষ্যি ইত্যাদি।

**ক. প্রগত:** আদিস্বর অনুযায়ী অন্ত্যস্বর পরিবর্তিত হলে প্রগত স্বরসঙ্গতি হয়। যেমন- মুলা > মুলো, শিকা > শিকে, তুলা > তুলো।

**খ. পরাগত :** অন্ত্যস্বরের কারণে আদ্যস্বর পরিবর্তিত হলে পরাগত স্বরসংগতি হয়। যেমন- আখো > আখুয়া > এখো, দেশি > দিশি।

**গ. মধ্যগত :** আদ্যস্বর ও অন্ত্যস্বর অনুযায়ী মধ্যস্বর পরিবর্তিত হলে মধ্যগত স্বরসংগতি হয়। যেমন- বিলাতি > বিলিতি।

**ঘ. অন্যোন্য :** আদ্য ও অন্ত্য দুই স্বরই পরস্পর প্রভাবিত হলে অন্যোন্য স্বরসংগতি হয়। যেমন- মোজা > মুজো।

**ঙ. চলিত বাংলায় স্বরসংগতি :** গিলা > গেলা, মিলামিশা > মেলামেশা, মিঠা > মিঠে, ইচ্ছা > ইচ্ছে ইত্যাদি।

পূর্বস্বর উ-কার হলে পরবর্তী স্বর ও-কার হয়। যেমন- মুড়া > মুড়ো, চুলা > চুলো ইত্যাদি।

বিশেষ নিয়মে- উড়ুনি > উড়নি, এখনি > এখুনি হয়।

৫. **সম্প্রকর্ষ বা স্বরলোপ :** দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত্য বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনির লোপকে বলা হয় সম্প্রকর্ষ। যেমন- বসতি > বস্‌তি, জানালা > জান্‌লা ইত্যাদি।

**ক. আদিস্বরলোপ :** শব্দের আদি বা প্রথমে স্বরধ্বনি লোপ পেলে তাকে আদিস্বরলোপ বলে। যেমন-

- অলাবু > লাবু > লাউ
- উদ্ধার > উধার > ধার।

**খ. মধ্যস্বরলোপ :** শব্দের মধ্যে স্বরধ্বনি লোপ পেলে তাকে মধ্যস্বরলোপ বলে। যেমন- বসতি > বস্‌তি, গামোছা > গামছা, তৈআরি > তৈরি, সুবর্ণ > স্বর্ণ, অগুরু > অগ্রু ইত্যাদি।

**গ. অন্ত্যস্বরলোপ :** শব্দের অন্তে বা শেষে স্বরধ্বনি লোপ পেলে তাকে অন্ত্যস্বরলোপ বলে। যেমন- আকাশ > আকাশ্‌, জল (অ) > জল্‌, পোকা > পোক্‌, থোকা > থোক্‌, আশা > আশ্‌, আজি > আজ, চারি > চার ইত্যাদি।

৬. **ধ্বনিবিপর্যয় :** শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে ধ্বনিবিপর্যয় বলে। যেমন- বাক্‌স > বাস্‌ক, রিক্‌শা > রিশ্‌কা, পিশাচ > পিচাশ, লাফ > ফাল, ডেস্ক > ডেক্‌স, তলোয়ার > তরোয়াল, মগজ > মজগ ইত্যাদি।

৭. **সমীভবন :** শব্দের মধ্যে পাশাপাশি অবস্থিত অসমব্যঞ্জনধ্বনি উচ্চারণের সুবিধার্থে একে অপরের প্রভাবে সংগতি বা সাম্য লাভ করলে তাকে বলা হয় সমীভবন বা সমীকরণ। যেমন- জন্ম > জ
কাঁদনা > কান্না ইত্যাদি।

**ক. প্রগত সমীভবন :** পূর্ব ধ্বনির প্রভাবে পরবর্তী ধ্বনির পরিবর্
ঘটে। অর্থাৎ পরবর্তী ধ্বনি পূর্ববর্তী ধ্বনির মতো হয়, একে ব
প্রগত সমীভবন। যেমন- চক্র > চক্ক, পক্ব > পক্ক, পদ্ম >
পদ্দ, লগ্ন > লগ্‌গ ইত্যাদি।

**খ. পরাগত সমীভবন :** পরবর্তী ধ্বনির প্রভাবে পূর্ববর্তী ধ্বনি
পরিবর্তন হয়। একে বলা হয় পরাগত সমীভবন। যেমন- তৎ +
জন্য > তজ্জন্য, তৎ + হিত > তদ্ধিত, কর্তা > কত্তা, উৎ +
মুখ > উন্মুখ ইত্যাদি।

**গ. অন্যোন্য সমীভবন :** যখন পরস্পরের প্রভাবে দুটো ধ্বনিরই
পরিবর্তন হয়, তখন একে বলে অন্যোন্য সমীভবন। যেমন-
বৎসর > বচ্ছর, বিশ্রি > বিচ্ছিরি, কুৎসিত > কুচ্ছিত, উৎসন্ন >
উচ্ছন্ন, সংস্কৃত সত্য > প্রাকৃত সচ্চ, সংস্কৃত বিদ্যা > প্রাকৃ
বিজ্জা ইত্যাদি।

৮. **বিষমীভবন :** সমীভবনের বিপরীত বিষমীভবন। শব্দের মধ্যে পাশাপাশি
অবস্থিত সমান দুই ব্যঞ্জনের মধ্যে যেকোনো একটি বদলে গেলে ধ্বনি
পরিবর্তনের এই রীতিকে বলা হয় বিষমীভবন। যেমন- শরীর >
শরীল, লাল > নাল, লাঙ্গল > নাঙ্গল, লেবু > নেবু ইত্যাদি।

৯. **বর্ণদ্বিত্ব বা দ্বিত্ব ব্যঞ্জন বা ব্যঞ্জনদ্বিত্বতা :** কখনো কখনো জোর দেয়া
জন্য শব্দের অন্তর্গত ব্যঞ্জনের দ্বিত্ব উচ্চারণ হয়, একে দ্বিত্ব ব্যঞ্জন ব
ব্যঞ্জনদ্বিত্বতা বলে। যেমন- সকাল > সক্কাল, মুলুক > মুল্লুক, বড় >
বড্ড, ছোট > ছোট্ট, কিছু > কিচ্ছু, পাকা > পাক্কা ইত্যাদি।

১০. **ধ্বনিবিকার বা ব্যঞ্জনবিকৃতি :** শব্দের মধ্যে কোনো সময় কোনো ব্যঞ্জ
পরিবর্তিত হয়ে নতুন ব্যঞ্জনধ্বনি ব্যবহৃত হয়। একে ব্যঞ্জনবিকৃতি
বলে। যেমন- শাক > শাগ, কবাট > কপাট, ধোবা > ধোপা, ধাইম
> দাইমা ইত্যাদি।

১১. **ব্যঞ্জনচ্যুতি :** পাশাপাশি সমোচ্চারণের দুটো ব্যঞ্জনধ্বনি থাকলে তা
একটি লোপ পায়। এরূপ লোপকে বলা হয় ব্যঞ্জনচ্যুতি বা ধ্বনিচ্যুতি
যেমন- বউদিদি > বউদি, বড়দাদা > বড়দা ইত্যাদি।

১২. **অন্তর্হতি :** পদের মধ্যে কোনো ব্যঞ্জনধ্বনি লোপ পেলে তাকে অন্তর্হতি
বলে। যেমন- ফলাহার > ফলার

১৩. **অভিশ্রুতি :** বিপর্যস্ত স্বরধ্বনি পূর্ববর্তী স্বরধ্বনির সাথে মিলে গেলে এব
সে অনুসারে পরবর্তী স্বরধ্বনির পরিবর্তন ঘটলে তাকে ব
অভিশ্রুতি। যেমন- করিয়া থেকে অপিনিহিতির ফলে 'কইরিয়া' কিং
বিপর্যয়ের ফলে 'কইরা' থেকে অভিশ্রুতিজাত 'করে'। এরূপ-শুনিয়া >
শুনে, বলিয়া > বলে, হাটুয়া > হাউটা > হেটো, মাছুয়া > মেছে
ইত্যাদি।

১৪. **র-কার লোপ :** আধুনিক চলিত বাংলায় অনেক ক্ষেত্রে র-কার লো
পায় এবং পরবর্তী ব্যঞ্জনদ্বিত্ব হয়। যেমন- তর্ক > তক্ক, করতে
কত্তে, মারল > মাল্ল, করলাম > কল্লাম।

১৫. **হ-কার লোপ :** আধুনিক চলিত ভাষায় অনেক সময় দুই স্বরে
মাঝামঝি হ-কারের লোপ হয়। যেমন- পুরোহিত > পুরুত, গাহিল
গাইল, চাহে > চায়, সাধু > সাহু > সাউ, আরবি আল্লাহ > বাং
আল্লা, ফারসি শাহ্‌ > বাংলা শা ইত্যাদি।

১৬. **য়-শ্রুতি ও ব-শ্রুতি :** শব্দের মধ্যে পাশাপাশি দুটো স্বরধ্বনি থাকে
যদি এ দুটো স্বর মিলে একটি দ্বি-স্বর (যৌগিক স্বর) না হয়, তবে
স্বর দুটোর মধ্যে উচ্চারণের সুবিধার জন্য একটি ব্যঞ্জনধ্বনির মতে
অন্তস্থ 'অ' (Y) বা অন্তস্থ 'ব' (W) উচ্চারিত হয়। এই অপ্রধা
ব্যঞ্জনধ্বনিটিকে বলা হয় য়-শ্রুতি ও ব-শ্রুতি। যেমন- মা + আমা
= মা (য়) আমার > মায়ামার । যা + আ = যা (ও) য়া = যাওয়া
এরূপ- নাওয়া, খাওয়া, দেওয়া ইত্যাদি।

## ব্যাংকের বিগত বছরের প্রশ্নসমূহ

১. 'বড় দাদা > বড় দা' কী ধরনের ধ্বনি পরিবর্তন?
[Uttara Bank Ltd. (Probationary Officer)-2021]
ক) অন্তর্হতি খ) ব্যঞ্জন বিকৃতি
গ) বিষমীভবন ঘ) ব্যঞ্জনচ্যুতি

২. মধ্যগত স্বরসঙ্গতির উদাহরণ কোনটি?
[Uttara Bank Ltd. (Probationary Officer)-2021]
ক) জিলিপি খ) মুজো গ) মেলামেশা ঘ) তুলো

৩. নিচের কোনটি বিষমীভবনের উদাহরণ?
[Probashi Kallyan Bank Ltd. (Officer Cash)-2021]
ক) লাফ > ফাল খ) প্রীতি > পিরীতি
গ) দেশি > দিশি ঘ) লাল > নাল

৪. অন্যোন্য সমীভবনের একটি দৃষ্টান্ত হলো–
[Probashi Kallyan Bank Ltd. (Officer General)-2021)]
ক) বড্ড খ) উচ্ছ্বাস গ) বিলিতি ঘ) ফাগুন

৫. 'স্নান > সিনান' কোন ধরনের ধ্বনিপরিবর্তন প্রক্রিয়া?
[Janata Bank Ltd. Executive Officer 2017]
ক) বিপ্রকর্ষ খ) ধ্বনিলোপ
গ) সমীভবন ঘ) স্বরসঙ্গতি

৬. 'ফাল্‌গুন > ফাগুন'-এর উদাহরণ
[Bangladesh Krishi Bank Office-2017]
ক) ব্যঞ্জন বিকৃতি খ) ব্যঞ্জনচ্যুতি
গ) অন্তর্হতি ঘ) অভিশ্রুতি

### ব্যাংকের বিগত বছরের প্রশ্নের উত্তর

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ঘ | ০২ | ক | ০৩ | ঘ | ০৪ | ক | ০৫ | ক |
| ০৬ | গ | | | | | | | | |

## বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্ন

✓ ধ্বনি-পরিবর্তনের নিয়মে কোনটি বর্ণ-বিপর্যয়-এর দৃষ্টান্ত?– পিচাশ [৪৪তম বিসিএস]

✓ বড়> বড্ড-এটি কোন ধরনের পরিবর্তন? → ব্যঞ্জনদ্বিত্ব (৪৩তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা)

✓ অপিনিহিতির উদাহরণ কোনটি? →আজি >আইজ (৪১তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা)

## অন্যান্য নন-ক্যাডার নিয়োগ পরীক্ষার প্রশ্ন

০১. 'লাফ > ফাল' - কোন ধরনের ধ্বনি পরিবর্তন? [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI), পদনাম: জুনিয়র ফিল্ড অফিসার, তারিখ: ২৪.০৬.২০২১]
ক) সমীভবন খ) বিষমীভবন
গ) স্বরাগম ঘ) ধ্বনি বিপর্যয়

০২. 'কন্যা' শব্দের অপিনিহিত কোনটি? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর অনলাইন নিয়োগ পরীক্ষা-২০২১, পদের নাম: ক্যাশিয়ার/ স্টোর কিপার, তারিখ: ১০.১২.২০২১]
ক) কৈন্যা খ) কইন্যা
গ) কইণ্যা ঘ) কৌন্যা

**উত্তরপত্র**

| | | | |
|---|---|---|---|
| ১ | ঘ | ২ | খ |

## বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষার প্রশ্ন

০১. কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ? [১৬তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৯]
ক)বড় দাদা > বড়দা খ) কিছু > কিচ্ছু
গ) পিশাচ>পিচাশ ঘ) মুক্তা > মুকুতা

০২. 'রত্ন > রতন' হওয়ার সন্ধি সূত্র– [১৫তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৯]
ক) স্বরভক্তি খ) স্বরসঙ্গতি গ) অভিশ্রুতি ঘ) অপিনিহিতি

০৩. শরীর>শরীল– শব্দটিতে ধ্বনি পরিবর্তনের কোন ধরনের নিয়ম প্রযোজ্য? [১৪তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৭]
ক) সমীভবন খ) বিষমীভবন
গ) অসমীভবন ঘ) ধ্বনি বিপর্যয়

০৪. কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ? [১৬তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৯]
ক) শরীল খ) হংস>হাঁস গ) লাফ>ফাল ঘ) দুর্গা>দুগ্গা

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | গ | ০২ | ক | ০৩ | খ | ০৪ | গ |

## সেল্ফ টেস্ট-০১

১. ভাষার মূল উপাদান হচ্ছে–
ক) বর্ণ খ) শব্দ
গ) ধ্বনি ঘ) বাক্য

২. 'ব্যাকরণ মঞ্জুরী' কার রচনা?
ক) ড. মুহাম্মদ শহীদুল্লাহ্ খ) ড. মুহাম্মদ এনামুল হক
গ) ড. সুনীতিকুমার চট্টপাধ্যায় ঘ) মুহম্মদ আব্দুল হাই

৩. ব্যাকরণ শব্দের ব্যুৎপত্তি কোনটি?
ক) বি + আ + √কৃ + অন খ) ব্যা + ক + রন
গ) বৃ + কৃ + অন ঘ) ব্য + আ + কৃ + √অন

৪. বাংলা বর্ণমালার উৎস কী?
ক) তিব্বতি লিপি খ) ব্রাহ্মী লিপি
গ) খরোষ্ঠী লিপি ঘ) দেবনাগরী লিপি

৫. সাধুরীতির শব্দ কোনটি?
ক) গ্রহ খ) গিন্নী
গ) কলেজ ঘ) কেতাব

৬. ভাষার কোন রীতি কৃত্রিমতাবর্জিত?
ক) কথ্য রীতি খ) আঞ্চলিক রীতি
গ) সাধু রীতি ঘ) চলিত রীতি

৭. 'অপিনিহিতি'র মাধ্যমে প্রাপ্ত শব্দে কোন পরিবর্তনের জন্য 'অভিশ্রুতি' ঘটে?
ক) অন্তর্হতি খ) ব-শ্রুতি
গ) দ্বিত্ব ব্যঞ্জন ঘ) সন্ধি

৮. শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের স্থান পরিবর্তন ঘটলে তাকে বলে–
ক) ধ্বনি বিপর্যয় খ) সমীভবন
গ) অসমীকরণ ঘ) বিপ্রকর্ষ

৯. স্বরসঙ্গতির উদাহরণ কোনটি?
ক) হইবে > হবে খ) রাত্রি > রাইত
গ) দেশী > দিশী ঘ) জালিয়া > জাইল্যা > জেলে

১০. 'ক্ষ' অক্ষরটি কোন কোন অক্ষরের যুক্ত-
ক) ক্ + খ + ম খ) ক্ + ষ
গ) খ্ + স + ম ঘ) ক্ + খ